হিরণ্যগর্ভ
দ্বাদশ বর্ষ, চতুর্থ সংখ্যা
৩০শে পৌষ, ১৪২৬

Hiranyagarbha
Volume 12, No. 4
हिरण्यगर्भ
द्वादश वर्ष, चतुर्थ संख्या
तारिख-१५,जनवरी,२०२०

৩০শে পৌষ, ১৪২৬ 15th January, 2020

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	ভগবান পরশুরাম	শ্রীশ্রীমা সর্বাণী	05
	জীবনাভাস	শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়	08
	শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	বৃহৎ কিশোরী ভাগবত	10
	ভরদ্বাজপুত্র দ্রোণাচার্য্য	শ্রীশ্রীমা সর্বাণী	12
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	13
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	14
	নদী মাতৃকা গোদাবরী-কথা	শ্রীশ্রীমা সর্বাণী	15
	জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	17
	শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা		18
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	19
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	20
	কোথায় তোমরা চলেছ?	শ্রীবিজন কুমার সেনগুপ্ত	22
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	24
	পঞ্চকেদারের পথে পথে	শ্রীসৌরভ বসু	25
हिन्दी विभाग ः—			
	भगवान परशुराम	श्रीमती ज्योति पारेख	28
	पंचकेदार के पथ पर	श्रीमती ज्योति पारेख	31
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	33
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	35
	श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीविमलानन्द	36
	भरद्वाजपुत्र द्रोणाचार्य	श्रीमती ज्योति पारेख	38
	ज्ञानगंज के योग प्रसंग पर	श्रीविमलानन्द	39
	नदीमातृका गोदावरी कथा	श्रीमती ज्योति पारेख	40
	मृत्यु के अतीत	श्रीमती ज्योति पारेख	42
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	43
	गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	44
	श्रीश्रीमाँ का आध्यात्मिक कथोपकथन	श्रीमती ज्योति पारेख	45
English Section ঃ—			
	Bhagwan Parashurama - Immortal Avatar	Prof. Partha Pratim Chakrabarti	47
	Unmesh	Dr. Durgesh Chakrabarty	52
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	54
	Biography of Manicklal Dutta	Dr. Barun Dutta	56
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	58
	Gems From the Garland of Letters	Sri Arnab Sarkar	59
	Annual Report of Mata Sharbani Trust (2018-19)		61

ISBN No. 978-81-940673-5-1

Cover : Bhagwan Parashuram

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 7961-8745, website : www.akhandamahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

পৌষরাত্রির ঘন কুয়াশা যখন চরাচরকে আবৃত করে রাখে, শীতরাতের শিশিরবিন্দু যখন টুপটাপ করে ঝরে পড়ে গাছের পাতায়, ঘাসের মাথায়, তখন গীর্জায় গীর্জায় সুমধুর ঘন্টাধ্বনি বরণ করে নেয় ইংরেজী নববর্ষকে। প্রভু যীশুর স্মরণ প্রার্থনার মধ্যে আমরা শপথ গ্রহণ করি—নতুন বছরে নতুন উদ্দীপনা, সদ্ভাবনা ও সৎকর্মাদির শপথ।

ইংরেজী নতুন বছরের প্রথম মাসটিতেই সেই পুণ্যলগ্ন সমাগত যেদিন ভক্তি-বিনম্র চিত্তে আমরা পালন করি অখণ্ড মহাপীঠস্থ পুণ্যমন্দিরে শ্রীশ্রীগুরুমহারাজগণের অভিষেকের পুণ্যলগ্ন। সেই মহালগ্নে পূজাপাঠ - গুরু বন্দনায়, ধূপ-দীপ-পুষ্প সুগন্ধে, শঙ্খধ্বনিতে মুখরিত হয়ে উঠুক পবিত্র আশ্রম প্রাঙ্গণ।

হিরণ্যগর্ভের এই পবিত্র সংখ্যাটি আমরা নিবেদন করেছি অবতার বরিষ্ঠ পুরুষ ভগবান শ্রীপরশুরামের পবিত্র চরণে। ভগবৎস্বরূপের পথে বহু ব্রহ্মর্ষি-মহর্ষিগণ অবতারত্ব গ্রহণপূর্বক ধরাতলে আবির্ভূত হয়েছেন - ভগবান পরশুরাম তাঁদের অন্যতম। তিনি শ্রীভগবানের পূর্ণশক্তির বিকাশ - আবেশাবতার। ভগবান পরশুরাম জ্ঞানাগ্নিস্বরূপ ধর্মাস্ত্রের বিকাশরূপ। তিনি প্রভু জগন্নাথের "বলরাম" শক্তির বিকাশ। ভগবান শঙ্করের বরে তিনি অমরপুরুষ। হিমালয়ের গহনে জ্ঞানগঞ্জে ভগবান পরশুরাম আজও মহান আচার্য্যপদে প্রতিষ্ঠিত।

হিরণ্যগর্ভের এই নববার্ষিক সংখ্যাটি সেই যোগীশ্বর, অমর, ব্রহ্মপুরুষের চরণে নিবেদন করে আমরা ধন্য হলাম। আজ এই পুণ্যলগ্নে সাক্ষাৎ ভগবতীস্বরূপ শ্রীশ্রীসর্বাণীমা ও সকল গুরু মহারাজগণের চরণে আমাদের বিনম্র প্রর্থনা—আমাদের মনের সকল কলুষতা বিনষ্ট হয়ে আমাদের আধ্যাত্মিক চিন্তন জাগরিত হউক।

"জয় জগদীশ হরে"

As the earth slumbers, enveloped in the blanket of mist, and dew drops keep falling imperceptibly on the leaves of trees and blades of grass, one can hear the jingling bells of the churches chiming in unison to usher in the New Year. It is the time when we invoke the blessings of the Lord every year to rejuvenate ourselves with renewed energy and take a vow to immerse ourselves in noble thoughts and deeds, transcending our mental shortcomings.

It is also the month when we prepare ourselves to celebrate with piety and verve the auspicious occasion of the enthronement of Guru Maharajas in our Ashram. We look forward to immerse ourselves in the spiritual bliss and offer our homage to Their golden feet to beseech their blessings and compassion in our spiritual pursuits.

We feel blessed to dedicate this edition of Hiranyagarbha in the divine memory of Bhagwan Parashurama, the great saint, the immortal persona, who has graced the world through the ages by his haloed presence. He is an Avesh-avatar, the divine manifestation of God Almighty, an incarnation of Lord Vishnu. In philosophical connotation, the word "Parashurama" means the "halo of spiritual attainment of the soul". Blessed by Lord Shiva to be an immortal, his divine presence can still be perceived in "Jnangunj", the ethereal Himalayan abode of saints and savants.

On the auspicious occasion of Poush Sankranti, let us pray to the lotus feet of Sree Sree Sharbani Maa and all Guru Maharajas to help us shed our mental imperfections on way to our spiritual journey in our life ahead.

****** Om Jai Jagadisha Harey ******

ভগবান পরশুরাম
শ্রীশ্রীমা সর্বাণী

গর্গসংহিতায় ভগবান বিষ্ণুর ছয় প্রকার অবতার কল্পিত হইয়াছে; তন্মধ্যে প্রথম মরীচি প্রভৃতি ঋষিগণ সেই ভগবানের অংশাংশাবতার; ব্রহ্মর্ষি দেবগণ অংশাবতার; কপিল, কূর্ম্ম প্রভৃতি কলাবতার এবং পরশুরাম আবেশাবতার। নৃসিংহ, দাশরথি রাম, নরনারায়ণ ইঁহারা পূর্ণাবতার আর শ্রীকৃষ্ণ স্বয়ং পরিপূর্ণতমাবতার। অবতার যেমনই হউক না কেন সকল অবতারের মধ্যেই শ্রীভগবানের পূর্ণ শক্তির পরিপূর্ণ প্রকাশ থাকে। যোগমার্গে ভগবৎস্বরূপের পথে বহু ব্রহ্মর্ষি মহর্ষি ঋষি ভগবৎনির্দেশে অবতারত্ব গ্রহণপূর্বক ধরাতলে অবতীর্ণ হইয়াছেন, আত্মজ্ঞানী সত্যদ্রষ্টা মহাত্মাগণেরা ইহা অবশ্যই অবগত থাকেন। ভগবান পরশুরাম সে সকল অবতারদিগের মধ্যে একটি বিশেষ অবতার চরিত্র।

ভগবান পরশুরাম

রাজা কুশনাভের পুত্র কুশিক এবং কুশিকের তপোলব্ধ দেবরাজ ইন্দ্রাংশে জাত পুত্র গাধির সত্যবতী নামে এক রূপবতী কন্যা ছিল। মহর্ষি ভৃগুর অন্যতম পুত্র ঋচীক। ঋচীক সত্যবতীকে বিবাহ করিতে চাহিলে গাধি বলিলেন — ''তপোধন! আমার পূর্বপুরুষ পরম্পরায় একটি নিয়ম প্রচলিত হইয়া আসিতেছে যে আমরা কন্যাদান সময়ে অভ্যন্তর রক্ত, বহিঃ শ্যামবর্ণযুক্ত পাণ্ডুকলেবর চন্দ্রের ন্যায় জ্যোতি বিশিষ্ট, একদিকের কর্ণ শ্যামবর্ণ এবং তরস্বী সহস্র অশ্ব শুল্কস্বরূপ গ্রহণ করিয়া থাকি। কিন্তু আমি আপনার নিকট শুল্ক চাহিতে পারিনা অথচ আপনার মত ব্যক্তিকে কন্যাদান করাই আমার একান্ত উদ্দেশ্য।'' ঋচীক গাধির কথা শ্রবণ করিয়া জলাধিপতি বরুণদেবের নিকট হইতে উপরোক্ত প্রকার অশ্বাদি প্রাপ্ত হইয়া তাহার বিনিময়ে সত্যবতীকে বিবাহ করিলেন। একদা মহাতেজস্বী ঋষি ভৃগু স্বীয় তনয় ঋচীকের আশ্রমে উপস্থিত হইলে তখন পুত্র ও পুত্রবধূ উভয়ে তাঁহার পাদবন্দনা করিলেন। ইহাতে ভৃগু অতিশয় প্রীত হইয়া সত্যবতীকে বর প্রার্থনা করিতে বলিলে সত্যবতী নিজের জন্য এবং নিজ জননীর জন্য পুত্র বর প্রার্থনা করিলেন। ভৃগু তখন দুইপ্রকার চরু প্রদান করিয়া বলিলেন —''তুমি উডুম্বর ও তোমার জননী অশ্বত্থবৃক্ষকে আলিঙ্গন করিয়া এই চরুদ্বয় ভক্ষণ করিবে।'' পরন্তু সত্যবতী ও তাহার মাতা বৃক্ষালিঙ্গন ও চরুভক্ষণে সম্পূর্ণ বিপরীত আচরণ করিলেন। মহর্ষি ভৃগু যোগবলে ইহা জানিতে পারিয়া তখন বলিলেন — ''যেহেতু তোমরা চরুভক্ষণ ও বৃক্ষালিঙ্গনে সম্পূর্ণ বিপরীত আচরণ করিয়াছ, সেই কারণে তোমার গর্ভে ক্ষত্রিয় বৃত্তিধারী এক ব্রাহ্মণ এবং তোমার মাতার গর্ভে ব্রাহ্মণাচার সম্পন্ন এক পুত্র জন্মিবে।'' একথা শুনিয়া তখন সত্যবতী বিনয়পূর্বক বলিলেন— ''ভগবন্! আমার যেন এইরূপ পুত্র না হয় বরং এই লক্ষণ সম্পন্ন পৌত্র জন্মে ইহাতে ক্ষতি নাই।'' তখন ভৃগু ''তথাস্তু'' বলিয়া প্রস্থান করিলেন। যথাকালে সত্যবতী জমদগ্নিকে প্রসব করিলেন। জমদগ্নি বেদাদি অধ্যয়ন করিয়া অনেকানেক ঋষিকে অতিক্রম করিবার পরে ইক্ষ্বাকু বংশীয় রাজা প্রসেনজিতের কন্যা রেণুকাকে প্রার্থনা করিলে রাজা প্রসেনজিৎ যথাসময়ে শুভলগ্নে জমদগ্নির সহিত রেণুকার বিবাহ সম্পন্ন করিলেন। ইহার পরে রেণুকা হইতে রুমন্বান, সুষেণ, বসু, বিশ্বাবসু ও পরশুরাম জন্মগ্রহণ করেন।

'পরশু' হল ধর্মযজ্ঞের অস্ত্র কুঠার, 'রাম' হইলেন আত্মা-নারায়ণ। আত্মযজ্ঞই প্রকৃত ধর্মযজ্ঞ এবং সেই যজ্ঞের যজ্ঞাগ্নি সত্তার সকল কলুষ নাশ করিয়া থাকে। কুঠার দ্বারা যজ্ঞকাষ্ঠ সংগ্রহ হয়, তাই কুঠার অতি পবিত্র অস্ত্র। আত্মচৈতন্যের চিদগ্নিই হইল জ্ঞানাগ্নি, যাহার দ্বারা সনাতন সত্য উদ্ভাসিত হয়। তাই পরশুরাম হইলেন জ্ঞানাগ্নি স্বরূপ ধর্মাস্ত্র বিশেষ। ভাগবতের মতে ভগবান পরশুরাম শ্রীনারায়ণের যোড়শ অবতার। আত্মজ্ঞানের মহিমায় ভগবান পরশুরাম হইলেন,

ভগবান সনৎকুমারের 'জগন্নাথ' পদে অধিষ্ঠিত রূপের 'বলরাম' শক্তির রূপ, ঋষিত্বের ভগবত্বার প্রকাশরূপ। তাই তিনি আবেশাবতার।

কোন এক সময় মহর্ষি জমদগ্নির পুত্রগণ ফলাদি আহরণ করিবার জন্যে বনে গেলেন এবং তাঁহার পত্নী রেণুকা সেই সময়ে নদীতে স্নান করিতে গেলেন। স্নান করিয়া নদীতীরের পথ দিয়া ফিরিবার কালে মাতা রেণুকা নদীতে পত্নীর সঙ্গে জলক্রীড়ারত মার্তিকাবত দেশের রাজা চিত্ররথকে দেখিতে পাইলেন। পরমসুন্দর রাজা চিত্ররথকে দেখিয়া রেণুকা মুগ্ধ হইলেন এবং রাজার প্রতি আসক্ত হইলেন। রাজার কথা চিন্তা করিতে করিতেই রেণুকা আশ্রমে ফিরিলেন, কিন্তু মহর্ষি জমদগ্নি তাঁহার মনোভাব বুঝিয়া ফেলিলেন এবং অতীব ক্রুদ্ধ হইয়া তাঁহাকে ভর্ৎসনা করিতে লাগিলেন। এই সময় চার পুত্রের সকলে আশ্রমে ফিরিয়া আসিলে পর জমদগ্নি পুত্রদের মাতৃবধে প্রণোদিত করিতে লাগিলেন, কিন্তু মাতার প্রতি স্নেহবশতঃ জমদগ্নির চার পুত্রই মাতাকে বধ করিতে অস্বীকার করিলেন। পুত্রেরা তাঁহার আদেশ পালনে অসমর্থ হইলে পরে মহর্ষি তাহাদের অভিশাপ দিলেন। ইহার পর কনিষ্ঠ পুত্র রাম আশ্রমে ফিরিলে পরে জমদগ্নি অন্যান্য পুত্রদিগের মত রামকেও সব কথা বলিলেন এবং মাতাকে বধ করিতে আদেশ করিলেন। পিতার আদেশ শুনিবামাত্রই তখন পরশুরাম কুঠারের আঘাতে মাতার শিরচ্ছেদ করিলেন। তখন জমদগ্নির উগ্রক্রোধ প্রশমিত হইল। তিনি প্রসন্ন হইয়া তখন রামকে বলিলেন —''তুমি আমার আদেশে অতি দুষ্কর এই কর্ম করিয়াছ। অতএব তুমি যতগুলি ইচ্ছা ততগুলি বর প্রার্থনা কর।'' পরশুরাম তখন সদ্‌গুরু পিতার নিকট মাতার পুনরায় জীবনলাভ, মাতার মাতৃহত্যার ঘটনা বিস্মৃত হওয়া, মাতৃহত্যার পাপ হইতে মুক্তি, ভ্রাতাদের শাপমুক্তি, যুদ্ধে নিজের অপ্রতিদ্বন্দ্বীতা এবং দীর্ঘায়ু — এই সকল বর প্রার্থনা করিলেন। মহর্ষি জমদগ্নি তখন প্রসন্নচিত্তে এই সকল বর পরশুরামকে প্রদান করিলেন। — অবতার স্বরূপ ব্যক্তিত্বের মধ্যে বিচিত্র বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। জন্মান্তরীন তপস্যার দিব্যবল পরশুরামের ব্যক্তিসত্তায় গ্রথিত থাকায় তিনি মায়ামুক্ত অবস্থায় জন্মগ্রহণ করেন এবং একদিকে পিতা এবং 'সদ্‌গুরু'-পিতার প্রতি সহজাত 'অটল বিশ্বাস' থাকার দরুণ তিনি পিতার আদেশকেই শিরোধার্য্য করিতে কোন দ্বিধাবোধ করেন নাই। সদ্‌গুরুর কর্মকে বিচার করিতে হয় না। যিনি বিশ্বাসে উপনীত আছেন তিনিই সদ্‌গুরুতে নিত্যযুক্ত আছেন। সদ্‌গুরুর প্রসন্নতায় অসাধ্যসাধনও সম্ভব হয়। তাই আমরা দেখিতে পাই যে পরবর্তীতে মাতা রেণুকা পুনঃ শুদ্ধচিত্তে পর্য্যবসিত হইয়াছিলেন এবং পরশুরামের ভ্রাতাগণও পুনর্জীবনলাভ করিয়া তাহাদের পরবর্তী যোগজীবন সার্থক করেন।

ইহার পর মাতৃবধরূপ পাপ মোচনের জন্যে পিতৃউপদেশে পরশুরাম উত্তরে কৈলাস ও দক্ষিণে গন্ধমাদন পর্বতের মধ্যবর্তী স্থলে ব্রহ্মপুত্র নামক মহাকুণ্ডে স্নান ও তপস্যা করিতে যান। তথায় স্নান ও তদীয় জল পান করিয়া পরশুরাম লোকহিতাভিলাষে স্বীয় পরশু-সাহায্যে উপযুক্ত পথ করিয়া ক্ষণমধ্যে ব্রহ্মপুত্রকে পৃথিবীতে সমতলে অবতরিত করেন।

ইহার পর একদা হৈহয় দেশের অধিপতি কার্ত্তবীর্য্যার্জুন মৃগয়ার্থ বনে ভ্রমণ করিতে করিতে জমদগ্নির আশ্রমে উপস্থিত হইলেন। মহর্ষি তাঁহার কামধেনুর সহায়তায় রাজা ও রাজন্যবর্গের যথাযথ সৎকার করিলে কামধেনুর আশ্চর্য্য ক্ষমতা দর্শনে রাজা প্রলোভিত হইয়া হোমধেনু (কামধেনু কপিলা) হরণ ও বৃক্ষচ্ছেদন দ্বারা আশ্রম শ্রীহীন করতঃ জমদগ্নির উপর অত্যাচার করিয়া বৎসসহ গাভীটিকে তাঁহার রাজধানী মাহীষ্মতী পুরীতে লইয়া গেলেন। জমদগ্নির কনিষ্ঠ পুত্র পরশুরাম আশ্রমে ফিরিয়া আসিয়া পিতার মুখে রাজার দুরাচারের কথা শ্রবণ ও আশ্রমের শ্রীহীন অবস্থা লক্ষ্য করিয়া অতিশয় ক্রুদ্ধ হইলেন এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যকে পরাস্ত ও নিহত করিলেন। তদনন্তর কার্ত্তবীর্য্যের পুত্রেরা পরশুরামের অনুপস্থিতির সময়ে একদিন আশ্রমে প্রবেশ করিয়া পরশুরামের পিতা জমদগ্নিকে একাকী দেখিতে পাইয়া নিরস্ত্র তপস্বীকে প্রহারে জর্জরিত করিয়া সংহার করেন। পরশুরাম আশ্রমে প্রত্যাগত হইয়া পিতাকে মৃত দর্শন করিয়া ও সকল বৃত্তান্ত শ্রবণ করিলে পর পিতার অন্ত্যেষ্টি সমাপনান্তে মাহীষ্মতীর রণস্থলে কার্ত্তবীর্য্য-তনয়গণের সংহারসাধন করিলেন। তৎপরে তাহাদের অনুগত ক্ষত্রিয়গণকে একে একে বিনাশ করিতে লাগিলেন। এইভাবে পরশুরাম পৃথ্বীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়া সামন্তপঞ্চক তীর্থে রুধিরময় পঞ্চতীর্থ নির্মাণপূর্বক পিতৃলোকে তর্পণ করিয়াছিলেন। পরিশেষে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়া সমগ্র পৃথিবী মহর্ষি কশ্যপকে দক্ষিণাস্বরূপ প্রদান করিলেন এবং কশ্যপেরই নির্দেশে তিনি পশ্চিম সমুদ্র উপকূলে বসবাস করিতে লাগিলেন। এক্ষেত্রে ভগবান পরশুরামের

অন্যায়ের প্রতিবাদে দুষ্টের দমন ও শিষ্টের পালন রূপটি স্পষ্ট হইয়া ফুটিয়া উঠিয়াছে। ভৃগুবংশীয় ঋষিগণ প্রায় সকলেই অস্ত্রবিদ্যা বিশারদ ছিলেন। রামায়ণে আছে, ভগবান পরশুরাম শ্রীহরির কবচধারণপূর্বক যে বৈষ্ণব ধনুতে একুশবার ক্ষত্রিয় নিধন করিয়াছিলেন, সেই ধনুকটি তিনি পিতা জমদগ্নির নিকট হইতেই পাইয়াছিলেন। পিতা জমদগ্নির মত পরশুরামও ধনুর্বিদ্যায় সেকালের শ্রেষ্ঠ ধনুর্ধর ছিলেন। পরশুরাম শ্রীভগবান নারায়ণের ষোড়শ অবতার, ইহাই ভাগবতের মত। শ্রীভগবানের অন্যতম স্বরূপ কবি জয়দেব লিখিয়াছেন, ''ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং স্নপয়সি পয়সি শমিত ভবতাপং। কেশবধৃত ভৃগুপতিরূপ জয় জগদীশ হরে।।''—অর্থাৎ, হে পরশুরাম রূপধারিন্! একদিন তুমি ক্ষত্রিয় রুধির রূপ জলে জগৎকে স্নান করাইয়া ইহাকে নিষ্পাপ ও তাপশূন্য করিয়াছিলে। হে কেশব! হে হরে! তুমি জয়যুক্ত হও।। —(ইতি জয়দেব কৃত 'দশাবতার স্তোত্রম্')

পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করিবার পরে ভগবান পরশুরাম তাঁহার শিবগুরু শিব ও শিবার এবং গুণে নারায়ণতুল্য সেই গুরুপুত্র কার্ত্তিক ও গণেশকে দর্শন করিবার অভিলাষে কৈলাসে গমন করেন। সেই সময় পার্বতীপুত্র গণেশ দ্বার রক্ষা কার্য্যে নিযুক্ত ছিলেন। মহাদেব নিদ্রিত থাকায় তিনি পরশুরামকে ভিতরে প্রবেশে বাধা দেওয়ায় অতিক্রুদ্ধ পরশুরাম শিবদত্ত পরশুর দ্বারা গণেশকে আঘাত করিলে পর গণেশের একটি দন্ত ভগ্ন হইয়া যায়। ভগবান পরশুরাম ও শ্রীকৃষ্ণ রূপ গণেশের যুদ্ধ ও দন্তভঙ্গ একটি ঈশ্বরীয় লীলা। সেই লীলামধ্যে পরব্রহ্মস্বরূপ গণেশের 'একদন্ত' নামরূপ সার্থক হইয়াছে। 'এক' শব্দের অর্থ প্রধান এবং 'দন্ত' শব্দের অর্থ বল, অতএব সর্বাপেক্ষা প্রধান যোগসিদ্ধি বল সম্পন্ন যিনি তাঁকেই 'একদন্ত' উপাধি দেওয়া হইয়াছে। শ্রীগণেশ যুদ্ধকালে পরশুরামকে তাঁহার পিতা মহাদেবের অতিপ্রিয় শিষ্য জানিয়া প্রহার না করিয়া স্তম্ভন পূর্বক সমগ্র ব্রহ্মাণ্ড এমনকি নিত্যধাম গোলক বৈকুণ্ঠাদি লোকও দর্শন করান এবং পরশুরামকে সনাতন সগুণব্রহ্মদেহী শ্রীকৃষ্ণ ভগবানকেও দর্শন করান। অতএব পরশুরামের সকল কর্মফল বিনাশ হইয়া যায়। মহাদেবের প্রদত্ত পরশু অস্ত্রই পরশুরামের মহা-মহাবল স্বরূপ ছিল। গণেশ ও পরশুরামের লীলার মাধ্যমে গণেশের প্রকৃত আত্মপরিচয় এবং পরশুরামের প্রকৃত আত্মপরিচয় অবগত হওয়া যায়। ব্রহ্মবৈবর্তপুরাণে সেই কাহিনীর বিস্তারিত ব্যাখ্যান আছে।

ত্রেতাযুগে সীতার স্বয়ম্বর সভায় ভগবান শ্রীরাম কর্তৃক পরশুরামের শিবধনুভঙ্গ হওয়ায় সেই বার্তা শ্রবণে ক্রুদ্ধ হইয়া পরশুরাম তথায় আগমন করিয়া শ্রীরামের সহিত দ্বন্দ্বযুদ্ধ করিতে অগ্রসর হন এবং স্বীয় করস্থিত ধনু প্রদানপূর্বক তাহাতে গুণ আকর্ষণ করিবার জন্য শ্রীরামকে আহ্বান করেন। শ্রীরাম অবলীলাক্রমে সেই নবগুণসম্পন্ন ধনুকে শরসন্ধান করিয়া বলিলেন, ''এক্ষণে কোথায় শর নিক্ষেপ করিব?'' অবশেষে পরশুরামের তপোলব্ধ সমস্ত শক্তি হরণ করিয়া সমস্ত লোকগত সঞ্চিত শক্তি নষ্ট করিয়া তিনি শর সন্ধান করিলেন। ইহাতে পরশুরামের বিশুদ্ধ অহংকার চূর্ণ হইয়া গেল এবং তিনি তখন তাঁহার ক্রোধ সম্বরণপূর্বক জ্ঞানচক্ষু দ্বারা শ্রীরামের আত্মস্বরূপ দর্শন করিয়া বিনয়পূর্বক স্তব করিলেন। তারপর তিনি পুনঃতপস্যার্থ হিমালয় পর্বতে গমন করিলেন। ভগবান শংকরের বরে পরশুরাম অমরত্বলাভ করিয়াছিলেন। মহাভারতে ভগবান পরশুরামের প্রকাশ পরমব্রহ্মস্বরূপ পরমগুরুরূপে। তিনি কুরু-পাণ্ডব অস্ত্রগুরু দ্রোণাচার্য্যের অস্ত্রগুরু ছিলেন। সর্ব্বস্ব দানেচ্ছু পরশুরামের নিকট হইতে দ্রোণ অস্ত্রশস্ত্র ও তাহাদের প্রয়োগ কৌশল দান স্বরূপ প্রাপ্ত হইয়াছিলেন।

পরবর্তীতে দেখিতে পাওয়া যায় যে ভগবান কল্কি পরশুরামের নিকট বেদাদি অধ্যয়ন করিয়াছিলেন। অধ্যয়নান্তে কল্কি গুরুদক্ষিণা প্রদান করিতে চাহিলে পরশুরাম বলিলেন — ''তুমি সিংহল দ্বীপে যাইয়া বিষ্ণুপ্রিয়া পদ্মার পাণিগ্রহণ পূর্বক সনাতন ধর্ম সংস্থাপন করিবে। তুমি দিগ্বিজয়ে বহির্গত হইয়া ধর্মবর্জিত কলিপ্রিয় ভূপালগণকে পরাস্ত করিয়া অনাচারী বৌদ্ধধর্মাবলম্বীদিগকে সংহার করিবে। অতঃপর দেবাপি ও মরু (ইক্ষ্বাকু বংশীয় শীঘ্র-তনয় মরু) নামক ধার্মিকদ্বয়কে রাজ্যে প্রতিষ্ঠিত করিবে।'' অর্থাৎ, ধর্মরাজ্য সংস্থাপন করিবার জন্য নির্দেশ দিলেন পরশুরাম।

হিমালয়ের গহনে জ্ঞানগঞ্জে আজও বিরাজিত রহিয়াছেন জন্মরহিত অবতার পুরুষ ভগবান পরশুরাম। জ্ঞানগঞ্জের মহান আচার্য্যপদে তিনি 'ভৃগুরাম স্বামী' নামে অভিহিত আছেন। যোগাচার্য্য ভৃগুরাম স্বামী শ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেবের যোগীশ্বর গুরুদেব। তাঁহার উদ্দেশ্যে জানাই সশ্রদ্ধ কোটি কোটি প্রণাম।

জীবনাভাস

মহাবতার বাবাজী মহারাজের শিষ্য শ্রীমাণিকলাল দত্তের জীবনী

(১২)

রেলওয়েতে চাকুরী—

হার্বার্ট সাহেবের আলয়ে মাণিকলাল নিয়মিতভাবে পরমার্থিক আলোচনায় নিজেকে নিয়োজিত করিলেন বটে, কিন্তু তাঁহার পৈতৃক ব্যবসা, যাহা তিনি রাজা বদ্রীদাসের আনুকূল্যে শুরু করিয়াছিলেন, তাহা ক্রমেই অচল হইয়া পড়িল এবং যাহার অনিবার্য্য ফল হিসাবে মাণিকলাল নিদারুণ অর্থ-কষ্টের সম্মুখীন হইলেন। পরন্তু পদস্থ ও সম্ভ্রান্ত ইংরাজগণের সহিত যোগাযোগ রক্ষা করিয়া চলিতে হইত বলিয়া তাঁহার পোষাক পরিচ্ছদের দিকে দৃষ্টি প্রদান করিতে হইত। হার্বার্ট সাহেবের কিন্তু ধারণা ছিল মাণিকলালের পৈতৃক ব্যবসা বেশ লাভজনক ভাবে চলিতেছে। যাহা হউক কিছুদিনের মধ্যেই রেলওয়েতে একটি চাকুরীর সন্ধান মিলিল। কলিকাতায় পার্কস্ট্রীটে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের বুকিং অফিসে একটি সুপার ভাইজারের পদ খালি হয়। পদপ্রাপ্তির আশায় মাণিকলাল উক্ত রেলওয়ের তদানীন্তন ট্রাফিক ম্যানেজার পি. সি. শেরিডন সাহেবের সহিত সাক্ষাত করিলেন। সাহেবদের সহিত ক্রমাগত সংযোগ রক্ষা করিয়া চলার ফলে মাণিকলালের মন হইতে তখন সাহেব ভীতি অপসারিত। উক্ত পদটির কার্য্যভার ছিল বড়ই বিপদজনক। তখন রেলওয়েতে সমুদ্রগামী জাহাজের সরাসরি (Through) বুকিং-এর নিময় প্রচলিত ছিল। বহু পদ-মর্য্যাদা সম্পন্ন সাহেব দম্পতি ও ইংরাজ সৈনিকদের এই অফিসে বুকিং-এর জন্য আগমন ঘটিত। তাঁহাদের ভাব ও ভাষা কোনো সুপারভাইজারের সহজে বোধগম্য না হইলে, সেই সুপারভাইজার যদি তাহা পরিষ্কার করিয়া লইবার জন্য একাধিকবার "Beg your pardon" বলিতেন তাহা হইলে বিশেষ করিয়া রুক্ষ প্রকৃতির সৈন্যদের দ্বারা তাহার ভাগ্যে অশেষ লাঞ্ছনা, এমন কি মারধোরও জুটিত। সেইজন্য উক্ত পদের দায়িত্ববোধ সম্বন্ধে মাণিকলালের নিকট শেরিডন সাহেব আনুপূর্বিক সব কিছু বিশ্লেষণ করিয়া, ঐ পদ গ্রহণের জন্য তাঁহার মতামত জানিতে চাহিলেন। অতি নম্রভাবে মাণিকলাল উত্তর দিলেন, ‘‘আমি পারিব বলিলে ভুল হইবে। কারণ আমার দ্বারা কোন কাজই সম্ভব নয়, যদি না আমার প্রতি কর্মে মঙ্গলময় ভগবানের আশীর্বাদ বর্ষিত হয়। ("My strength is made Perfect in weakness") চাকুরী-প্রার্থীর পক্ষে তাঁহার কর্মদক্ষতার স্বপক্ষে এইরূপ উক্তি নিশ্চয় অনিষ্টকর, কিন্তু যেহেতু শেরিডন সাহেব — ধার্মিক প্রকৃতির লোক ছিলেন, তিনি মাণিকলালের উক্তির তাৎপর্য্য সম্যক্ উপলব্ধি করিয়া হৃষ্টচিত্তে ১/১২/১৯১২ তারিখ হইতে মাণিকলালকে উক্ত পদে নিয়োগ করিলেন। তদবধি কিছুকাল যাবৎ বিশেষ পরিশ্রমের সহিত শঙ্কিত হৃদয়ে ঐ অফিসে কাজ করিতে হইয়াছিল।

ইতিমধ্যে মাণিকলালের অত্যদ্ভুত ও অলৌকিক ঈশ্বরবাক্য পরিবেশনার কথা, ধর্মীয় শাস্ত্রসমূহের বিশ্লেষণের কথা-মাধুর্য্য তদানীন্তন বেঙ্গল ক্লাবের, কলিকাতা ক্লাবের ও ঐ ধরণের নানা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জ্ঞানী-গুণী সাহেবদের মধ্যে ব্যাপক প্রসার লাভ করে। ঐ সময় এফ. জি. উইগ্লি সাহেব ছিলেন বেঙ্গল গভর্ণমেন্টের প্রধান সচিব। বৃদ্ধ ভদ্রলোক ছদ্মবেশে প্রায়ই বৈকালে লাঠি হস্তে পার্কস্ট্রীট বুকিং অফিসে আসিতেন। তাঁহার মোটরগাড়ীটি বুকিং অফিসের কিছুদূরে রাখিয়া তথায় তাঁহার দেহরক্ষীদের অপেক্ষা করিবার নির্দেশ দিয়া তিনি মাণিকলালের সম্মুখে উপনীত হইতেন ও কাজের ফাঁকে ফাঁকে মাণিকলালকে কিছু কিছু ধর্ম কথা ব্যক্ত করিবার জন্য অতি বিনীতভাবে অনুরোধ জানাইতেন। সাহেবের প্রকৃত পরিচয় দীর্ঘদিন মাণিকলালের নিকট অজ্ঞাত ছিল; সেই কারণে উক্ত সাহেবকে সাধারণ পর্য্যায়ভুক্ত বিবেচনা করিয়া মাণিকলাল অতি অবহেলাভরে তাঁহার পাশ্ববর্তী একটি টুলে তাঁহাকে বসিতে দিতেন ও দিনান্তে নিজের কাজকর্ম সমাধা করিতে ব্যস্ত থাকিলে ঐ বৃদ্ধকে কিছু কিছু শাস্ত্রকথা পরিবেশন করিতেন। বৃদ্ধ কদাচ আপন পরিচয় ব্যক্ত করিতেন না। কালেভদ্রে ঐ অফিসে মাণিকলালের পিতা শ্যামাচরণ দত্তেরও আগমন ঘটিত। ঐ বৃদ্ধ সাহেবকে কর্মরত আপন পুত্রের পার্শ্বে প্রায়ই লক্ষ্য করিয়া মাতৃভাষায় তিনি পুত্রকে বলিতেন, ‘‘এই বুড়োটা রোজ রোজ কেন তোমাকে জ্বালাতে আসে? তোমার এত দায়িত্বপূর্ণ কাজ যদি টাকা পয়সার হিসাবে কোন ভুলচুক হয় তবে টাকার খেসারৎ দেওয়ার সামর্থ তোমার হবে না।’’ বৃদ্ধের মনে কিন্তু কোন অভিমান স্থান পাইত না। তিনি মাণিকলালের পার্শ্বে টুলে উপবেশন করিয়া দৈব-কথা অতি আনন্দিত চিত্তে শ্রবণ করিতেন।

একদিন ঐ বৃদ্ধ সাহেব মাণিকলালের নিকট তাঁহার ভারতবর্ষ ত্যাগ করিয়া স্বদেশে প্রত্যাবর্তনের অভিপ্রায় ব্যক্ত করিয়া Passage book করিয়া দিবার জন্য অনুরোধ করিলেন। সাহেবের যে অবস্থার সহিত মাণিকলালের পরিচয় ছিল তাহা বিবেচনা করিয়া সহানুভূতির সহিত তৃতীয় শ্রেণীর ভাড়া বাবদ কত খরচ পড়িবে তাহা নিরূপণ করিবার জন্য সাহেবের অনুমতি চাহিলে সাহেব প্রত্যুত্তরে বলিলেন যে, "তৃতীয় শ্রেণীই ঠিক; তবে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য কি ব্যয় হইবে তাহাও জানাইলে ভাল হয় কারণ, বুড়ী মেমসাহেব, আর ভারতবর্ষ হইতে এই শেষ যাত্রা, যদি সংশ্লিষ্ট অর্থের সংস্থান করিতে পারি তাহা হইলে উচ্চতর শ্রেণীতেই যাইবার চেষ্টা করিব।" আগামীকাল এই বিষয়ে সম্যক জ্ঞাত হইবেন বলিয়া তিনি সেইদিন স্থান ত্যাগ করিলেন। অনন্তর মাণিকলাল সাহেবের অনুরোধ মত তিনটি শ্রেণীর ভাড়া বাবদ পৃথক পৃথক ভাবে কি অর্থ লাগিবে তাহা নিরূপণ করিয়া পরদিন তাঁহার সমীপে আগত সাহেবকে অবহিত করিলে, সাহেব উত্তরে তাঁহাকে বলিলেন যে তাঁহার প্রয়োজনীয় অর্থের সংস্থান হইয়াছে, তিনি যেন প্রথম শ্রেণীরই Passage book করিয়া দেন। সেইমত মাণিকলাল উক্ত সাহেবের নিকট হইতে অর্থ গ্রহণ করিয়া Passage book করিয়া দিলেন।

এই ঘটনার মাত্র কয়েকদিন পর মাণিকলালকে একটি অভাবণীয় ঘটনার সম্মুখীন হইতে হইল। এক অপরিচিত মেমসাহেব বড় একখানি মোটরগাড়ী যোগে ঐ Booking Office-এ আগমন করিয়া অত্যন্ত আভিজাত্যপূর্ণ পদক্ষেপে মাণিকলালের নিকট উপস্থিত হইয়া বর্তমানে ইংল্যাণ্ডগামী যে যাত্রীবাহী জাহাজ রওনা হইবে তাহাতে তাঁহার কোন পরিচিত স্বদেশবাসী Passage book করিয়াছেন কিনা সংশ্লিষ্ট খাতা হইতে তাঁহাদের নামগুলি দেখাইবার জন্য আনুরোধ করিলেন। মাণিকলাল বিশেষ আগ্রহভরে উক্ত খাতাটি মেমসাহেবের হস্তে অর্পণ করিলেন। খাতায় লিখিত যাত্রীদের নামের তালিকা পরীক্ষা করিয়া মেমসাহেবের মুখে ভাবান্তর ঘটিল ও তিনি মাণিকলালকে উদ্দেশ্য করিয়া কঠিন ভাষায় বলিলেন — "Nonsense, why have you not put Hon'ble Sir, before the name of F.G.Wigly. Don't you know he is the Chief Secy. of the Govt. of Bengal? Book my passage with him in the same compartment." বিনা মেঘে মাণিকলালের মস্তকে যেন বজ্রাঘাত হইল। এই মেমসাহেবের তিরস্কার — তাঁহাকে আঘাত করিল না কেবল মনে মনে অনুতাপানলে দগ্ধ হইয়া ভাবিতে লাগিলেন যে কি ভাবেই না উইগ্‌লি সাহেবকে অসম্মান করিয়াছেন। মাত্র একটি টুলে বসিতে দিয়াছেন, দুই একটি ভগবৎ বাক্য যেন বিশেষ কৃপা করিয়া বলিয়াছেন এবং বর্তমানে কিভাবে ইহার প্রায়শ্চিত্ত করা যায়? মেমসাহেবের জন্য সত্তর বুকিং-এর যথাযথ ব্যবস্থা করিয়া মাণিকলাল Mr.Wigly-র ঠিকানা বাহির করিলেন। Passage booking-এ ভুলভ্রান্তি এড়াইবার জন্য আগত প্রতিটি যাত্রীরই ঠিকানা ও ক্ষেত্র বিশেষে ফোন্ নম্বরটি লিখিয়া রাখাই ছিল মাণিকলালের স্বভাবসিদ্ধ রীতি। বৈকালে মাণিকলাল উইগ্‌লি সাহেবের ঠিকানা দৃষ্টে তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিবার আশায় তাঁহার বাসভবনের দ্বারপ্রান্তে উপনীত হইলেন। প্রবেশ পথে রক্ষীরা মাণিকলালের আন্তরিক উপরোধ সত্ত্বেও অভ্যন্তরে যাইবার অনুমতি দিল না। মাণিকলাল কিন্তু ভিতরে যাইবার সিদ্ধান্তে অটল। এমতাবস্থায় উইগ্‌লি সাহেব সেই ভবনের দ্বিতল হইতে মাণিকলালকে প্রত্যক্ষ করিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন ও আন্তরিকভাবে অভ্যর্থনা জ্ঞাপন করিয়া তাঁহাকে গৃহাভ্যন্তরে সাদরে লইয়া গেলেন। এই অবস্থা দৃষ্টে রক্ষীরাও বিস্মিত হইল। মাণিকলাল উইগ্‌লি সাহেবের কক্ষে প্রবেশ করিয়া তাঁহাকে বলিলেন, "বলুন আপনি আমায় ক্ষমা করিয়াছেন।" মাণিকলালের এই উক্তিতে তিনি বিস্ময় বোধ করিয়া বলিলেন যে, "ক্ষমা করিবার প্রশ্ন কেন উঠিতেছে, তাহা বুঝিতে পারিতেছি না" কারণ মাণিকলালের কোন অপরাধ কোন দিনের জন্যও তাঁহার গোচরীভূত হয় নাই। ইহার উত্তরে মাণিকলাল অতি বিনীতভাবে বলিলেন, "আপনাকে সামান্য একটি টুলে বসিতে দিয়াছি, কত অবজ্ঞাভরে মাত্র কিছু কিছু প্রভুর বাক্য ব্যক্ত করিয়াছি, কিন্তু আপনি এত বড় আধ্যাত্মিক ব্যক্তি যে আপনার প্রকৃত পরিচয় গোপন করিয়া মাত্র ঈশ্বর বাক্য শ্রবণের প্রবল আকাঙ্ক্ষা চরিতার্থ করিবার জন্য এই দীনতা ও কৃচ্ছ্রতা দিনের পর দিন অকপটে সহ্য করিয়াছেন। এই কারণে নিজেকে আজ অত্যন্ত অপরাধী বোধ হইতেছে। আমায় এতটুকু আশ্বাস দিন যে, আমার এই ত্রুটি আপনি নিজগুণে মার্জনা করিয়াছেন।" *...ক্রমশঃ*

—শ্রীমাণিকলাল দত্ত মহাশয়ের শিষ্য,
শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

পত্র নং (৯)

শিষ্যের প্রতি তত্ত্বোপদেশ — (*পূর্ব প্রকাশিতের পর....*)

মুক্তি দ্বারা জীব নাশপ্রাপ্ত হয় না। নির্বাণ-মুক্তির সে অর্থ নহে। নাশপ্রাপ্ত হইলে কেহ তজ্জন্য প্রযত্ন করিতেন না; কারণ

আপনার নাশ কেহই ইচ্ছা করেন না এবং তাহা হইলে পরম হিতৈষিণী শ্রুতিও তদ্বিষয়ে উপদেশ দিতেন না।

জীব মুক্তাবস্থা প্রাপ্ত হইলে লোকব্যবহারাদি সম্পূর্ণরূপে নষ্ট হয় না। জীবন্মুক্ত গুরু শিষ্যকে মুক্তির উপদেশ প্রদান করেন। ইহা শ্রুতি ও অন্যান্য শাস্ত্রে উক্ত হইয়াছে। তিনি যদি বাহ্যজগৎ সম্বন্ধে চেতনা বিহীন হইতেন, তাহা হইলে উপদেশ কিরূপে দিতে পারিয়াছেন। জীবন্মুক্ত হইয়াও দেহ অনেকদিন থাকিতে পারে। জীবন্মুক্ত হইলে আর দেহ থাকিবে না, ইহা ভ্রান্তি। অবশিষ্ট কর্মফল ভোগের জন্য দেহ থাকে ভগবদ্গীতায় আছে — 'জন্মবন্ধবিনির্ম্মুক্তাপদং গচ্ছন্ত্যনাময়ং'। ইহার অর্থ — উপাসক জন্ম-বন্ধন হইতে মুক্ত হইয়া অনাময় পদ লাভ করেন। 'আময়' শব্দের অর্থ রোগ, পীড়া। 'অনাময়' শব্দের অর্থ রোগশূন্য। যেমন একজন অগ্রে রোগগ্রস্থা থাকে, পরে চিকিৎসা দ্বারা ঔষধ ও পথ্য সেবনে রোগমুক্ত হয়েন, সেইরূপ পরমাত্মতত্ত্বজ্ঞানশূন্য জীব উপাসনা দ্বারা ভবরোগমুক্ত হইয়া থাকেন। জ্ঞানোদয় ও জ্ঞানোদয়ে-মুক্তি সাধনের স্বাভাবিক ফল। তাহা এক সময়ে লাভ নিশ্চয়ই হইবে। ভগবদ্গীতায় আছে — 'অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাং'! ইহার অর্থ — আত্মতত্ত্ব অবগত হইলে ইহকালে ও পরকালে উভয়ত্রই ব্রহ্মনির্ব্বাণ। কেবল যে মৃত্যুর পর কৈবল্য বা ব্রহ্মনির্ব্বাণ হইবে, তাহা নহে, দেহ থাকিতেই হয়।

ঈশ্বর-ভক্তগণ ঈশ্বরের সেবাপরায়ণ। তাহারা ভগবৎসেবা পরিত্যাগ করিয়া ত্রিলোকের সাম্রাজ্য ও মুক্তি কিছুই ইচ্ছা করেন না। এইজন্য শ্রীমদ্ভাগবতে উক্তি আছে — 'দীয়মানং ন গৃহ্ণাতি বিনামৎ-সেবনং জনাঃ'। মুক্তি প্রভৃতি তাহাকে দিতে গেলেও তিনি তাহা গ্রহণ করেন না। ইহাই ঈশ্বর-ভক্তের লক্ষণ বলিয়া উক্ত হইয়াছে। মুক্তি অপেক্ষা সেবাকেই তাঁহারা অধিক বলিয়া জানেন। কিন্তু ঐভাবে ঈশ্বরারাধনার ফলে জ্ঞানোদয় ও মুক্তি অনিবার্য। ঈশ্বর সেবা-ভক্তি প্রিয়, ইহা সত্য। কিন্তু এরূপ ভক্তকে নিজসেবা জন্য অধিক দিন তিনি বন্ধনগ্রস্ত রাখিতে ইচ্ছা করেন না। ঈশ্বর সর্ব্বকর্মফলদাতা। সাধন কর্মেরও ফলদাতা। ইহাই তাঁহার নীতি। তাঁহার ভক্ত এই দেহে হউক, বা দেহান্তে হউক, নিশ্চয়ই জ্ঞানোদয়ে মুক্তিলাভ করেন।

দেহ থাকিতে মুক্তিলাভ হইলে আর ঈশ্বর-ভক্তি থাকিবে না - এরূপ কল্পনাও ঠিক নহে। সনক, সনন্দ, সনাতন, সনৎকুমার প্রভৃতি মুক্ত হইয়াও ঈশ্বর-ভক্ত ছিলেন। তাঁহারা ভক্তির আচার্য্য। মুক্ত পুরুষগণই ভক্তিতত্ত্বের উপদেষ্টা।

ভক্তগণ বলেন — মুক্তি ভক্তির দাসী, কারণ আশ্রয় গ্রহণ করিলে মুক্তি আপনিই আসিয়া পড়ে। জ্ঞানোদয় ও মুক্তি ভক্তিযোগে উপাসনা অবশ্যম্ভাবী ফল। ভগবদ্গীতার প্রায় প্রত্যেক অধ্যায়ে জ্ঞান ও ভক্তির প্রশংসা দৃষ্ট হয়। এই উভয়ই এই শাস্ত্রসম্মত। উহারা পরস্পর বিরোধী হইলে একটির প্রশংসা থাকিত, উভয়ের প্রশংসা থাকিত না। ভক্তিমার্গের অনেক উপাসক ভক্তিকে জ্ঞানের বিরোধী বলিয়া জানেন, এরূপ জ্ঞানমার্গীয় অনেক উপাসক জ্ঞানকে ভক্তির বিরোধী বলিয়া জানেন। কিন্তু বস্তুতঃ জ্ঞান ও ভক্তি পরস্পর বিরুদ্ধ নহে। অদ্বৈতবাদীগণের উপাসনার জন্য শাস্ত্রীয় দ্বৈতের আশ্রয় গ্রহণ করিতে হয়, তাহারা স্বীকার করেন। গুরুমুখ হইতে ও শাস্ত্র হইতে তত্ত্বকথা শ্রবণপূর্বক উপাসনা সমস্তই শাস্ত্রীয় দ্বৈতের অঙ্গ। তাহাদের মধ্যে সকলে যে ঈশ্বরারাধনার বিরোধী তাহাও নহে। তাহাদিগকেও ভক্তিযোগে ঈশ্বরারাধনাকে অদ্বৈতজ্ঞানের অঙ্গীভূতভাবে গ্রহণ করিতে দেখা যায়। এইরূপ ভক্তিমার্গের উপাসকদিগের মধ্যেও অনেককে অদ্বৈত তত্ত্বের আশ্রয় লইতে দেখা যায়। শ্রুতি

উপদেশানুসারে ঈশ্বরকে সর্বভূতান্তরাত্মা জানিয়া তাহারা অভেদভাবে ঈশ্বরের ভজন করেন।

জ্ঞান ও ভক্তিকে অঙ্গাঙ্গীভাবে পরস্পরের পোষকভাবেই জ্ঞান করা উচিত। ঈশ্বর সম্বন্ধে কিছু জ্ঞান গুরু ও শাস্ত্র হইতে লাভ করিয়া, পরে ভক্তিমার্গের উপাসনা হইয়া থাকে। ভক্তিমার্গের উপাসনা দ্বারা সর্বদা তচ্চিন্তন বশতঃ ক্রমশঃ ব্রহ্মজ্ঞানের অধিগম হয় এবং ব্রহ্মবিষয়ক জ্ঞানেরও বৃদ্ধি হয়। অগ্রে ভেদভাবে ভজন থাকিলেও চিত্তশুদ্ধি বশতঃ অভেদভাবে ভজন স্বতঃই প্রবর্ত্তিত হয়। তৎপরে জ্ঞানোদয়ে মুক্তি হয়। ভক্তিপথে সাধনের দ্বিবিধ সোপান থাকার বিষয় ভক্তিশাস্ত্রে উক্তি আছে — যথা - গৌণীভক্তি, পরাভক্তি। গৌণীভক্তি দ্বারা প্রথমে ভেদভাবে উপাসনা হয়। পরে পরাভক্তি দ্বারা অভেদভাবে উপাসনা হয়। পরাভক্তি অতি সূক্ষ্মা, তীব্রা এবং অমৃত স্বরূপা ও জ্ঞান লক্ষণা। ভগবদ্গীতার অষ্টাদশ অধ্যায়ে উক্তি আছে —

"ধ্যানযোগপরো নিত্যং বৈরাগ্যং সমুপাশ্রিতঃ।
বিমুচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে।।
ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্বেষু ভুতেষু মদ্ভক্তিং লভতে পরাম্।।"

ইহার অর্থ — ব্রহ্মভূতঃ শব্দের অর্থ - অপগত রজস্তমো মলঃ। উপাসনা করিতে করিতে চিত্ত হইতে রজো ও তমোমল অপগত হইয়া চিত্ত বিশুদ্ধ সত্ত্বগুণরূপে স্থিত হয়। তখন চিত্তের প্রসন্নতা, আকাঙ্ক্ষাশূন্যতা, শোকশূন্যতা, সর্বভূতে সমদৃষ্টি, এইসকল আসিয়া থাকে। সেই অবস্থায় জ্ঞান-লক্ষণা পরাভক্তির উদয় হয়। পরে বলিলেন —'ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদানন্তরং।' এখানে 'ভক্ত্যা' শব্দের অর্থ — পরয়াভক্ত্যা অর্থাৎ পরাভক্তিদ্বারা। 'অভিজানাতি' শব্দের অর্থ — বিশেষরূপে জানেন। অগ্রে কিছু কিছু জ্ঞান ঈশ্বর সম্বন্ধে অবশ্যই হইয়াছিল। এক্ষণে বিশিষ্ট জ্ঞানের উদয় হইয়া কিরূপে পরমাত্মাকে জানেন তাহা বলিতেছেন। যাবান্ অর্থাৎ পরমাত্মা কিরূপ বৃহৎ - অর্থাৎ, তিনি যে সর্বব্যাপী তাহা জানেন। তিনি যে তত্ত্বতঃ সচ্চিদানন্দরূপ তাহা জানেন।

যেখানে ভগবদ্গীতায় তত্ত্বতঃ শব্দের ব্যবহার আছে, সেখানে তাঁহার গুণাতীত সচ্চিদানন্দ স্বরূপ তত্ত্বই উক্ত হইয়াছে। 'ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা' ইহার অর্থ — তাঁহার নির্গুণ, মায়াতীত, সর্বাতীত স্বরূপ সচ্চিদানন্দরূপে জ্ঞানোদয় হয়, ইহাই তত্ত্বতঃ শব্দের অর্থ। তাঁহাকে তত্ত্বতঃ জানিয়া কি হয় তাহাই বলিতেছেন — বিশতে তদনন্তরং। তাঁহাতে প্রবিষ্ট হয়। ইহাকেই নির্বাণমুক্তি বা কৈবল্যমুক্তি বলে। এই সম্বন্ধেই পূর্বে উক্ত হইয়াছে — 'অভিতো ব্রহ্মনির্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাং'। আত্মজ্ঞানের উদয় হইলে এই দেহ থাকিতে এবং দেহান্তেও ব্রহ্মনির্বাণ হয়। ইহাই সম্পূর্ণ ব্রহ্ম প্রাপ্তি। শ্রুতি এই সম্বন্ধে বলিয়াছেন — 'ব্রহ্মাপি সন্ ব্রহ্মাপ্নোতি' — ইহার অর্থ — তিনি ব্রহ্ম ছিলেন না, ব্রহ্ম হইলেন, তাহা নহে। তিনি ব্রহ্ম থাকিয়াই সর্বোপাধি বর্জিত হইয়া সম্পূর্ণরূপে ব্রহ্মকে প্রাপ্ত হইলেন। তিনি তখন পরিপূর্ণ শান্তি ও পরমানন্দ লাভ করেন।

কেহ কেহ বলেন, ভক্তিযোগে আরাধনাতেই রস কিন্তু নির্বাণ বা কৈবল্যমুক্তিতে রস নাই। ইহা ভ্রান্তি। শ্রুতি বলিয়াছেন —'রসো বৈ সঃ, আনন্দং বৈ সঃ। আনন্দেন সহ আনন্দী ভবতি।' ইহার অর্থ — পরমাত্মা রস স্বরূপ, আনন্দ স্বরূপ। তাঁহাকে প্রাপ্ত হইয়া জীব আনন্দময় হয়। শ্রুতি তাঁহাকে অখণ্ডৈক রস বলিয়া বর্ণনা করিয়াছেন। পূর্ণ অনন্ত রসের সাগর তিনি। ঐ সাগর হইতে কিঞ্চিৎ রস ক্ষরিত হইয়া আসিয়া উপাসককে মত্ত করে। পূর্ণরস ভাণ্ডারে রসের ইয়ত্বা নাই। জীব মুক্ত হইয়া সেই পূর্ণ অখৈণ্ডক রসের ভাগী হয়। অতএব মূলে রস নাই, শাখা প্রশাখাতে রস ইহা অলীক। শ্রুতি বলিয়াছেন — যথা জলে জল সিক্তং ইত্যাদি — যেমন সমুদ্র হইতে কিছু জল উত্তোলিত করিয়া পরে যদি সেই জল সমুদ্রে নিক্ষিপ্ত হয়, তখন আর সেই জলের পৃথকত্ব থাকে না, সেইরূপ অখণ্ড চৈতন্যে মিলিত হইয়া সেই জীবের অনন্তত্ব হয়। বেদান্ত-দর্শনে উক্তি আছে — 'অতোহনন্তেন তথাহি লিঙ্গং'। সেই অখণ্ড চৈতন্যের প্রকৃত বিভাগ নাই। তিনি নিরংশ, অংশ কলাদি রহিত। বিদেহমুক্তিকালে তাহাই অভিব্যক্ত হয়।

...ক্রমশঃ

(*'বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত*)

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

দোল পূর্ণিমা — ৯ই মার্চ, সোমবার
আধ্যাত্মিক সভা — ২২শে মার্চ, রবিবার
অন্নপূর্ণা পূজা — ১লা এপ্রিল, বুধবার
রাম নবমী — ২রা এপ্রিল, বৃহস্পতিবার
নববর্ষ — ১৪ই এপ্রিল মঙ্গলবার, সন্ধ্যায় শ্রীশ্রীমায়ের সৎ-কথা।

পুরাণ কথা

ভরদ্বাজপুত্র দ্রোণাচার্য্য

শ্রীশ্রীমা সর্বাণী

মহর্ষি ভরদ্বাজের পুত্র 'দ্রোণাচার্য্য' মহাভারতের এক সুপ্রসিদ্ধ চরিত্র। একদা মহর্ষি ভরদ্বাজের ঘৃতাচী অপ্সরা দর্শনে রেতঃস্খলিত হয়। সেই ওজস্বী বীর্য্য তিনি একটি দ্রোণে (কলসীতে) রক্ষা করেন এবং তাঁহার তপোবলে তাহা হইতে এক পুত্র জন্মগ্রহণ করেন। দ্রোণ হইতে জন্ম বলিয়া সেই পুত্র 'দ্রোণ' নামেই বিখ্যাত হন। মহর্ষি অগ্নিবেশ্য মহর্ষি ভরদ্বাজের শিষ্য ছিলেন। ভরদ্বাজ কোনো এক সময় তাঁহাকে একটি আগ্নেয়াস্ত্র দিয়াছিলেন। পরবর্তীকালে অগ্নিবেশ্য সেই অস্ত্রটি গুরুপুত্র দ্রোণকে প্রদান করিলেন। দ্রোণ ক্রমে পিতার নিকট সমগ্র বেদ-বেদাঙ্গ অধ্যয়ন করিয়া লইলেন। পাঞ্চাল রাজ্যের অধিপতি পৃষত নামক নরপতি মহর্ষি ভরদ্বাজের পরম সখা ছিলেন। তাঁহার দ্রুপদ নামে এক পুত্র জন্মগ্রহণ করেন। দ্রুপদ প্রতিদিন ভরদ্বাজের আশ্রমে গমনপূর্বক দ্রোণের সহিত একত্র ক্রীড়া ও শাস্ত্র অধ্যয়ন করিতেন। কিছুকাল পরে নরপতি পৃষত পরলোকগমন করিলে তখন মহাবীর দ্রুপদ সমগ্র উত্তর পাঞ্চালের অধিপতি হইয়া রাজ্যশাসন করিতে লাগিলেন। ইতিমধ্যে মহর্ষি ভরদ্বাজও স্বর্গারোহণ করিলে পরে তখন মহর্ষি দ্রোণ পৈত্রিক আশ্রমে থাকিয়া কঠোর তপস্যায় নিমগ্ন হইলেন। পরবর্তীকালে দ্রোণ মহর্ষি শরদ্বানের কন্যা কৃপীকে বিবাহ করেন এবং ধর্মপরায়ণা কৃপী 'অশ্বত্থামা' নামক এক পুত্র সন্তানের জন্ম দেন। এই সময়ে মহাত্মা জমদগ্নি-নন্দন ভগবান পরশুরাম ব্রাহ্মণদিগকে সর্বস্ব প্রদান করিতেন শুনিয়া দ্রোণ তাঁহার পাদবন্দনা করিলেন। পরশুরাম তাঁহার অভিপ্রায় অবগত হইয়া তখন তাঁহাকে সমস্ত অস্ত্রশস্ত্রাদি বিদ্যা ও তাহাদিগের রহস্য সমূহ ধনুর্বেদ-বিদ্যা প্রদান করিলেন। দ্রোণ পরশুরাম হইতে ঐ সমুদয় বিদ্যালাভ করিয়া তৎপরে পরমপ্রীত মনে তাঁহার প্রিয় সখা দ্রুপদের নিকটে উপস্থিত হইয়া বলিলেন —"রাজন্! আমি তোমার সখা!" দ্রুপদ তখন ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া দ্রোণকে তাচ্ছিল্য ও অপমানিত করিয়া বলিলেন —"আমার মত ঐশ্বর্য্যশালী ভূপতির সহিত তোমার মত শ্রীহীন নির্ধন মানুষের কিছুতেই বন্ধুত্ব হইতে পারে না।" দ্রোণ দ্রুপদের এই কটুক্তি শ্রবণে অতি ব্যথিত হইয়া তখন সেই স্থান হইতে প্রস্থান করিলেন। তদনন্তর দ্রোণ হস্তিনানগরে গমন করিয়া স্বীয় শ্যালক কৃপাচার্য্যের গৃহে বাস করিতে লাগিলেন। ইতিমধ্যে মহাত্মা ভীষ্ম তাঁহার পরিচয় অবগত হইয়া তাঁহাকে কৌরব ও পাণ্ডবদিগের শিক্ষাগুরু নিযুক্ত করিলেন এবং তাঁহাকে প্রচুর ধন সম্পদ প্রদান করিয়া তাঁহার জন্য সুরম্য বাসগৃহ নির্মাণ করিয়া দিলেন। সেথায় অস্ত্র শিক্ষার্থ সকলে সমবেত হইলে পরে আচার্য্য দ্রোণ শিক্ষার্থীদের বলিলেন —"শিক্ষা সমাপনান্তে আমার এক কার্য্য সম্পাদন করিতে হইবে।" দ্রোণাচার্য্যের এই বাক্য শ্রবণে তখন দুর্য্যোধনাদি সকলেই নীরব রহিলেন, কেবল অর্জুন বলিলেন —"যতই কষ্টকর হউক আমি আপনার কার্য্য সম্পাদন করিব।" ইহা শুনিয়া দ্রোণাচার্য্য তখন অর্জুনকে আলিঙ্গন করিয়া অশ্রুপাত করিলেন। কিছুকাল পরে অস্ত্রশস্ত্রের জ্ঞানে সকলেই কৃতবিদ্য হইলেন। গুরু দ্রোণাচার্য্য তাঁহাদের অস্ত্র শিক্ষার পরীক্ষাও নিলেন। তখন দ্রোণ ছাত্রদিগকে বলিলেন, "তোমরা পাঞ্চালরাজ দ্রুপদকে রণক্ষেত্র হইতে ধরিয়া লইয়া আইস। ইহাই তোমাদিগের গুরুদক্ষিণা হইবে।" এই কথা শুনিয়া কৌরব-পাণ্ডব সকলেই তখন যুদ্ধার্থ গমন করিলেন, কিন্তু অন্য সকলেই পরাস্ত হইলেন, কেবল অর্জুন অতি বৈশিষ্ঠ্যতাপূর্ণ কঠোর যুদ্ধে দ্রুপদকে পরাস্ত করিয়া, তাঁহাকে ও তাঁহার সচিবকে গ্রহণপূর্বক গুরু দ্রোণাচার্য্যকে উপহার প্রদান করিলেন। দ্রোণ দ্রুপদকে হৃতসর্বস্ব, ভগ্নদর্প ও বশতাপন্ন দেখিয়া বলিলেন —"আমরা ব্রাহ্মণ তোমার প্রাণনাশ করিব না, পরন্তু সমগ্র রাজ্যও ফিরাইয়া দিব না। ভাগীরথীর দক্ষিণকুল তোমার এবং উত্তরকুল আমার রহিল।" এইভাবে দ্রোণাচার্য্য দ্রুপদের সহিত সখ্য স্থাপন করিলেন। পরবর্তীকালে মহাভারতের যুদ্ধে দ্রোণাচার্য্যের হস্তেই দ্রুপদ নিহত হন এবং দ্রুপদের তপোলব্ধ পুত্র ধৃষ্টদ্যুম্ন হস্তেই দ্রোণাচার্য্য নিহত হন। মহাভারতের যুদ্ধে দ্রোণাচার্য্য পাঁচ দিন যুদ্ধ করিয়াই সমরশায়ী হন। তখন তাঁহার বয়স হইয়াছিল ৮৫ বৎসর। পূর্বে 'দ্রোণেশ' নামক কাশীস্থিত একটি শিবলিঙ্গ পূজার ফলে দ্রোণাচার্য্য পুনরায় জ্যোতির্ময় দেহ ধারণ করিয়া উত্তম স্বর্গলোকে গমন করেন।

(*সহায়ক গ্রন্থ : মহাভারত ও স্কন্দপুরাণ*)

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (৭২)

শ্রীশ্রীবাবার (শ্রীশ্রীসরোজ বাবা) এক ক্রিয়াবান সন্তান তাঁকে 'দাদা' বলে সম্বোধন করতেন; সেই নিষ্ঠাবান ভদ্রলোকের নিজের মুখনিঃসৃত কয়েকটি ঘটনার কথা আমি 'যোগীশ্বর দাদার কীর্তি' বলে এখানে উদ্ধৃত করলাম —



একবার, দিন সাতেক ধরে আমার (জনৈক ক্রিয়াবান শিষ্য) বুকেতে অসহ্য যন্ত্রণা হচ্ছিল, তখন আমি কোনোরকম ডাক্তার বা ওষুধের সাহায্য নিইনি। যন্ত্রণা দিন দিন বেড়েই চলেছিল। একদিন বাধ্য হয়ে আমার ছোট কাকার বড় ছেলেকে দাদার কাছে পাঠালাম। আমাকে দাদা যে নামে ডাকতেন তাই বলে তাকে বললাম যে দাদাকে বলবি আমার যন্ত্রণার অবস্থার কথা। ভাই ফিরে এসে জানালো, "তোমার গুরুদেবকে সব জানিয়েছি।" উনি বলেছেন, "ঠিক আছে।" পরের দিন আমি সম্পূর্ণ সুস্থ হয়ে দাদার কাছে যেতে দাদা নবদাকে বললেন, "ও কতটা সহ্য করতে পারে তার পরীক্ষা করছিলাম।"

প্রসঙ্গ (৭৩)

এই ঘটনাটি দাদার মুখে শোনা — উনি (শ্রীশ্রীবাবা) তখন শিবপুর শ্মশানে সাধনা করতে যেতেন রাতে। তখন শীতকাল, ভাল ঠাণ্ডা পড়েছে, মাঝে মাঝে বৃষ্টি পড়ছে, দাদা গায়ে কম্বল চাপা দিয়ে আছেন দেখে ওনার মা ডেকে বললেন — "কিরে! আজ শ্মশানে গেলিনা?" উনি ঠাণ্ডা ও বৃষ্টির অজুহাত জানাতে মাতারানী দাদাকে জানান —"আজ গেলে হয়তো মাঁর সঙ্গে সাক্ষাৎ মিলতে পারে!" অগত্যা মাতৃআদেশ শিরোধার্য্য করে বিছানার মায়া ত্যাগ করে দ্রুত হেঁটে পাড়ি দিলেন জগন্মাতার সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে শিবপুর শ্মশানে। তখন বেশ রাত হয়ে গেছে। এটুকু বলেই দাদা আর কিছু খুলে বললেন না। এর পরবর্তী ঘটনা কেবল দাদার মধ্যেই সীমাবদ্ধ ছিল যা আমাদের আগোচরে। মায়ের কল্যাণ কামনার নির্দেশ পালন করলে সে ফল হয় মঙ্গলদায়ক। যে মাতা আধ্যাত্মিকতার পূর্ণমনা তাঁর কল্যাণ-ইচ্ছা কখনোই বিফল হয় না। শ্রীশ্রীবাবার মাতৃদেবী শ্রীশ্রীযুক্তেশ্বর গিরিমহারাজের গুরুগত প্রাণা একনিষ্ঠ ক্রিয়াবান ছিলেন। শ্রীশ্রীবাবা তাঁর মায়ের কথাকে কোনোদিন অবহেলা করতেন না।

প্রসঙ্গ (৭৪)

দাদার বাড়ীতে দুর্গাপূজা চলছে, খুব সম্ভবতঃ সেদিন অষ্টমী কি নবমীর সকালবেলা ছিল। দাদা একজন শিষ্যকে ডেকে জানতে চাইলেন সে ক্রিয়া সাধন করে কিনা? উত্তরে তিনি জানান — "ঠিকমত হয় না, এবার ঠিক করেছি পুজোর পর শুরু করব।" উত্তরে দাদা বললেন —"সামান্য পাঁচ টাকার বিনিময়ে লাইনটা জানা গেল। মন্দ কি? কাজ নিয়েছিলি কেন? আজকাল তো ঐ টাকার বিনিময়ে চা বিস্কুটও পাওয়া যায় না।" দাদা বললেন —"ধর্ম করতে গেলেও টাকা পয়সা লাগে। আজকাল টাকা-পয়সা ছাড়া ধর্ম হয় না।"

প্রসঙ্গ (৭৫)

নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক নৈষ্ঠিক ক্রিয়াবান, ওনার মুখনিঃসৃত গুরুমহারাজের কিছু বিশেষ ঘটনার কথা —

দাদার মুখে শোনা — দাদা তখন পাহাড়ে থাকতেন নাঙ্গাবাবার কাছে। উনি দাদাকে 'বঙ্গালীভূত' বলে ডাকতেন। একবার নাঙ্গাবাবা বিশেষ কাজে কোথাও যাবেন, তাই দাদার ওপর অন্যান্য গুরুভাইদের ভার অর্পণ করে গিয়েছেন। এতে দাদাতো ভারী খুশি — উনি সবার মাথার ওপর বসে আর অন্যরা সব কর্ম করছে, উনি দেখছেন, কেউ বক্রভাবে বসলে চ্যালাকাঠ দিয়ে মেরে সোজা করে দিচ্ছেন। গুরুভাইদের দিয়ে দাদা ব্যাসপীঠের গুফার দ্বারে 'গুরুকৃপাহি কেবলম্' লেখা লতাপাতার ঝাড়ি দিয়ে একটি অপূর্ব সুন্দর কেরী তৈরী করালেন। নাঙ্গাবাবা ফিরে এলে দাদার নির্দেশনায় ফুল ও লতাপাতার নির্মিত কেরী দেখে খুবই খুশি হলেন।

একবার নাঙ্গাবাবা দাদাকে নিয়ে গভীর জঙ্গলে গিয়েছেন; দাদাকে উনি বললেন —"তোকে আজ এক মহাত্মার সমাধিতে প্রাণত্যাগের পদ্ধতি দেখাব।" তারপর ওনারা দুজনে যথাস্থানে উপস্থিত হলে দাদা দেখলেন — একজন যোগমুদ্রায় আসনে সমাধিমগ্ন আর তাঁকে গোল করে ঘিরে অনেক মহাত্মারা বিশেষভাবে বন্দনা করছেন। ধীরে ধীরে মহাসমাধিতে উপবেশিত মহাত্মার ব্রহ্মতালু যেন ক্রমান্বয়ে

আবের মতন আকার ধারণ করল আর সমবেত মহাত্মারা পাহাড়ী লতা-গুল্মের প্রলেপ দিতে লাগলেন মস্তকের সেই স্ফীত স্থানটিতে। তারপর ক্রমশঃ সেটি বিশাল আকার ধারণ করে ফেটে যায়। তখন সে স্থানটির চারিদিক দিয়ে রক্তক্ষরণ হতে লাগল। এরপর সকলে মিলে সেখানেই তাঁর সমাধি দেওয়া হয়। নাঙ্গাবাবা বললেন — ''এইভাবেই উচ্চকোটীর মহাত্মারা তাঁদের ব্রহ্মরন্ধ্র ফাটিয়ে মহাব্যোমে ব্রহ্মে বিলীন অবস্থায় যোগাবলম্বন পূর্বক প্রাণত্যাগ করেন।'' সেখানে যে কাজের জন্য সকলের আসা তা সমাপ্ত হলে সবাই চলে গেলে পরে তখন শুধু নাঙ্গাবাবা আর দাদা। নাঙ্গাবাবা দাদাকে বললেন,''আমি চলি, তুই এখানে ধ্যানে বস্।'' অগত্যা দাদা তখন ধ্যানে বসে গভীর ধ্যানে নিমগ্ন হলেন। যখন বাহ্যজ্ঞান ফিরল তখন দাদার ভীষণ ঠাণ্ডা লাগছিল। ঠাণ্ডা জায়গায় ঠাণ্ডা হওয়াটাই স্বাভাবিক, তিনি তো এতে অভ্যস্ত কিন্তু সেদিন যেন অস্বাভাবিক ঠাণ্ডা তাঁকে আসনচ্যুত করে ছাড়ছিল। তারপর হঠাৎ দাদার মনে হল যেন আসনটা সচল। পরে দাদা দেখলেন যে দাদা যার উপর বসে ধ্যান করছিলেন সেটি একটি অজগর জাতীয় বিশাল মোটা সাপ! আসন চলতে শুরু করেছে। তার সঙ্গে দাদাকেও যেতে হচ্ছে কিন্তু এমন মহানিশা যে কিছু করবার উপায়ও নেই। দাদা বললেন —''তখন শুধু আমি আর সাপ; সাপ তার স্বাভাবিক গতিতে গতিময়, আমি তখন নাঙ্গাবাবার শেখানো বিশেষ পদ্ধতিতে নাঙ্গাবাবার কুটীরে যাত্রা করলাম। এসে দেখলাম, নাঙ্গাবাবা কুঠিয়াতে বসে আছেন আর হাসছেন।''

পাহাড়ী জীবিকার বিষয়ে দাদা বললেন — ''সমতল থেকে পাহাড়ের উচ্চতায় খাদ্যাদি ও শ্রম সাধারণতঃ কোন সাধকের ক্ষেত্রে দুঃসাধ্যকর ব্যাপার কারণ সব সাধক তো আর বায়ুভক্ষণকারী নয়। তাই কোন পর্য্যটক একশো টাকার পরিবর্তে যদি কোনো সাধুকে দুটো শুখারুটি দেয় তো সাধু তাতে পরম প্রীত হন। যদিও এসবের বিকল্প আছে যারা তার সন্ধান জানে। 'চমরী গাই'য়ের অতিরিক্ত দুধ মাটিতে জমাট বাঁধা অবস্থায় পেলে তা সেবন অথবা পাহাড়ের গভীর জঙ্গলে একরকম ফল পাওয়া যায় তার ভেতর অসংখ্য পোস্ত দানার মত দানা থাকে; যদি সামান্য দুটি দানা ভক্ষণ করা যায়, তবে দুই-তিন দিন ক্ষুধা তৃষ্ণা সবরকমের ক্লান্তি থেকে অব্যাহতি পাওয়া যায়। *...ক্রমশঃ*

—মাতৃ-পিতৃ চরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়,
শিবপুর, হাওড়া

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(২৫)

বন্দেহহং সচ্চিদানন্দং ভেদাতীতং শ্রীমদ্‌গুরুম্।
নিত্যং পূর্ণং নিরাকারং নির্গুণং স্বাত্মসংস্থিতম্।। ৭৮

সচ্চিদানন্দং, ভেদাতীতং, নিত্যং, পূর্ণং, নিরাকারং, নির্গুণং, স্বাত্মসংস্থিতং, শ্রীমদ্‌গুরুম্ অহং বন্দে।।৭৮

তিনি সৎস্বরূপ অর্থাৎ তাঁহার নিকট গেলেই অসৎ জগতের জ্ঞান ঘুচিয়া একমাত্র তিনিই সৎস্বরূপে আছেন এবং অপর কিছু নাই, ইহাই প্রতিপন্ন হয়। তিনি চিৎস্বরূপ অর্থাৎ তাঁহার নিকট গেলে ইহাই বুঝা যায় যে, তিনিই জীবমধ্যে আছেন বলিয়া জীব চৈতন্যযুক্ত হয়, এবং তাঁহার অভাবে জীবদেহ শবে পরিণত হয়। তিনি আনন্দস্বরূপ অর্থাৎ তাঁহাতে থাকিলেই বুঝিতে পারা যায় যে, তৎসঙ্গে আনন্দে আছি এবং ইন্দ্রিয়বশে দূরে গিয়াই দুঃখাভিভূত হই। তিনি ভেদাতীত এবং তাঁহাতে গেলেই জীব ভাল-মন্দ ভেদজ্ঞান রহিত হয়। তিনি শ্রীযুক্ত, শ্রী - অর্থে শোভা, সম্পদ্, বুদ্ধি এবং কীর্ত্তি বুঝায়; এ সমস্ত লক্ষণ তাঁহাতে আছে বলিয়া তিনি শ্রীমান্। তদীয় সম্পর্কে আসিয়া জীব বুঝিতে পারে যে, জাগতিক কালিমা তাহার ঘুচিয়াছে এবং সে সূক্ষ্ম ও স্বচ্ছভাব প্রাপ্ত হইয়াছে। তিনি জীবের সম্পদস্বরূপ কারণ তিনি জীবের একমাত্র সম্পদস্বরূপ হইয়া জীবকে সদাই রক্ষা করিয়া থাকেন এবং অপর



যাহা কিছু সম্পত্তি জীবের আছে, জীবের দেহজনিত অভাব দূর করিবার জন্যই উহার প্রয়োজন হয়, দেহ সদাই অভাবযুক্ত সুতরাং জীব সেই সকল অভাব পূরণের জন্য সম্পত্তিলাভের চেষ্টায় ব্যতিব্যস্ত থাকে, পরন্তু তাঁহার নিকট গেলে দেহও নাই এবং কোন প্রকার অভাবও নাই, সুতরাং তিনি জীবের চিরসম্পত্তি স্বরূপ। তিনি বুদ্ধিস্বরূপ বলিয়া জীব তাঁহা হইতে বিচ্ছিন্ন হইয়া নষ্টবুদ্ধি হইলে সে মরিয়া যায় (গীতা ২য় অঃ, ৬৩ শ্লোক দেখ)। তিনি কীর্ত্তিস্বরূপ বলিয়া জীব তাঁহার নিকট গেলে বুঝিতে পারে যে, তাঁহা হইতে উৎপন্ন হইয়া জগতের কার্য্য শেষ করিয়া সে তাঁহাতেই নিবৃত্তি লাভ করিতেছে এবং কর্মফলজনিত জন্ম-মৃত্যুর অধিকার হইতে অব্যাহতি পাইয়াছে, ইহাই কীর্তি —''কীর্ত্তির্যস্য স জীবতি''। তাঁহার নিকট গিয়া অসতের অস্তিত্ব ঘুচিয়া একমাত্র সৎই স্থায়ীভাবে রহিল ইহা বুঝিলাম, সুতরাং তিনিই নিত্য। তিনি সর্বব্যাপী হইয়াও সর্বত্র এবং প্রতি ঘটে পূর্ণরূপে এবং একইভাবে দৃশ্যমান হয়েন বলিয়া তিনি পূর্ণ (ঈশোপনিষৎ শান্তিপাঠ দেখ)। দূর হইতে তাঁহাকে সাকার ও রূপবিশিষ্ট দেখিতেছিলাম, পরন্তু ঘনিষ্ঠ সম্বন্ধে তাঁহার সাকার মূর্তিরূপ ভৌতিকদৃশ্য সূক্ষ্মে বিলয় প্রাপ্ত হইল, তদ্দর্শনে আমারও জড়-আকার আমাকে ছাড়িল, এক্ষণে আমিও নিরাকার, তিনিও নিরাকার। তিনি নির্গুণ বলিয়া জীবের উপলব্ধি হইতেছে — ভাল-মন্দের বিচার থাকিলেই গুণের পরিচয় হয়, পরন্তু যেখানে সবই ভাল, সেখানে মন্দ না থাকায়, গুণনির্দেশকের অভাব হেতু তিনি নির্গুণ, তৎসঙ্গে আমিও গুণবস্তু (জড়দেহ) বর্জিত হইয়া নির্গুণ হইয়াছি। তাঁহাকে স্বাত্মসংস্থিত দেখিতেছি —ভিন্নবস্তুতে সংস্থিতির দ্বারা আমি ভিন্নবস্তুকে আত্মীয় বলিয়া ভাবিতেছিলাম এক্ষণে দেখিতেছি যে তিনিই সকলের আধারস্বরূপে আছেন এবং তাঁহার আধারস্বরূপে কেহ নাই, সুতরাং তিনি আপনাতে আপনি স্থিতি-সম্পন্ন হইয়া রহিয়াছেন। এমত শ্রীমৎ গুরুকে আমি বন্দনা করি, তাহার ফলে কি হইল? — আমিও আত্মপদে সংস্থিতি লাভ করিলাম। ৭৮ *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত)

ভাগবৎ-কথা

নদী মাতৃকা গোদাবরী-কথা

শ্রীশ্রীমা সর্বাণী

যুগাবসানকালে বালকরূপী শ্রীহরি মার্কণ্ডেয় ঋষিকে তাঁহার উদরে আশ্রয় দান করতঃ তাঁহার প্রাণরক্ষা করিয়াছিলেন। মার্কণ্ডেয় ঋষি সেই সময় শ্রীহরির উদরে বহু নদীকে আশ্রিত অবস্থায় দর্শন করেন। তন্মধ্যে পুণ্যতোয়া 'গোদাবরী' নদী অন্যতম।

গোদাবরী নদীর অন্য নাম 'গৌতমী-গঙ্গা'। পুরাণের একটি কাহিনীতে এই নামকরণের কারণ খুঁজিয়া পাওয়া যায় — মহর্ষি গৌতম একবার গো-হত্যার পাপ হইতে মুক্ত হইবার জন্য মহাদেবের উপাসনা করিয়াছিলেন। গৌতমের উপাসনায় তুষ্ট হইয়া মহাদেব তাঁহাকে বর প্রার্থনা করিতে বলেন। মহর্ষি গৌতম মহাদেবের নিকট তাঁহার জটাস্থিত গঙ্গা নদীকে মর্ত্যে প্রবাহিত করিবার বর প্রর্থনা করেন। তখন মহাদেব তাঁহার জটায় রক্ষিত গঙ্গানদীকে ব্রহ্মগিরি পর্বতের উপর সংস্থাপন করেন। মহর্ষি গৌতম প্রার্থনা করেন যে, ব্রহ্মগিরি হইতে গঙ্গার পবিত্রধারা ভূপৃষ্ঠে যতদূর পর্য্যন্ত প্রবাহিত হইবে ততদূর পর্য্যন্ত ভূভাগ যেন পবিত্র জলের স্পর্শে পরিপূর্ণ কলুষমুক্ত হয়। মহর্ষি গৌতমই গঙ্গার এই পবিত্র ধারাটিকে মর্ত্যে লইয়া আসিয়াছিলেন বলিয়া ইহার নাম 'গৌতমী-গঙ্গা'। প্রকৃতপক্ষে ইহা গোদাবরী নদী। স্বর্গে বরুণদেবের সভায় যে সব নদী উপযুক্ত মাতৃকা দেহ ধারণ করিয়া উপাসনা করেন, তাঁহাদের মধ্যে গোদাবরী অন্যতম। এই নদীর তীরে বহু তীর্থের অবস্থান। পুরাণে গোদাবরী নদীকে সহস্র শিবলিঙ্গ বিশিষ্ট তীর্থ বলা হইয়াছে। গোদাবরীর পবিত্র জলে স্নান করিলে গোমেধ যজ্ঞের ফল পাওয়া যায় এবং বাসুকিলোক লাভ হয়। দক্ষিণ ভারতের এই নদীতীরে বহু মনোরম বনভূমি ও উদ্যান রহিয়াছে। মহাভারতের পাণ্ডবেরা বনবাসকালে একবার গোদাবরী নদীতীর্থ দর্শন করিয়াছিলেন।

গোদাবরী ভারতের দ্বিতীয় বৃহত্তম তথা অন্যতম পবিত্র নদী। সহ্যাদ্রি পর্বত ইহার উৎসস্থল। সহ্যাদ্রির উত্তরাংশের যে জায়গাটি হইতে গোদাবরী উৎপন্ন হইয়াছে, বায়ু পুরাণে সেটিকে অতি মনোরম স্থান বলিয়া উল্লেখিত করা হইয়াছে। সুররাজ গোবর্দ্ধন ওই স্থানেই একটি নগর নির্মাণ করেন। ঋষি ভরদ্বাজও ওই একই জায়গায় ভগবান শ্রীরামচন্দ্রের জন্যে পর্বত, বৃক্ষ ইত্যাদি সৃজন করিয়াছিলেন।

রামায়ণে রামচন্দ্রের বনবাসের স্মৃতি গোদাবরী নদীর সঙ্গে ওতপ্রোতভাবে সংশ্লিষ্ট রহিয়াছে কারণ গোদাবরীর তীরেই রাম, লক্ষ্মণ ও সীতার বনবাসের স্মৃতিবিজড়িত পঞ্চবটী বনের অবস্থান। রামায়ণের অরণ্যকাণ্ডে শ্রীরামচন্দ্রের মুখনিঃসৃত গোদাবরী এবং তাহার তীরবর্তী অঞ্চলের অপূর্ব বর্ণনা পাওয়া যায়। ভগবান শ্রীরাম গোদাবরীকে ফুলে-বৃক্ষে সুসজ্জিত সুরম্যা এক নদী বলিয়া বর্ণনা করিয়াছেন। এই নদীর তীরে হরিণেরা খেলা করিয়া বেড়ায়। এই গোদাবরী নদী সীতাদেবীর অতীব প্রিয় ছিল। লঙ্কাপতি রাবণ যখন সীতাকে হরণ করিবার জন্য পঞ্চবটীতে আসেন, তখন রাক্ষসকুলপতির ভয়ে গোদাবরী নদীর জল হ্রাসিত হইয়া যায়। অপহৃত দেবী সীতাও গোদাবরী নদীর নিকট প্রার্থনা করিয়াছিলেন তাঁহার অপহরণের সংবাদ রামচন্দ্রের নিকট পৌঁছাইয়া দিবার জন্য। ভগবান শ্রীরামও গোদাবরী নদীর নিকট সীতার খোঁজ করিয়াছিলেন। সীতাহরণের পর সুগ্রীব তাঁহার বানর সেনা প্রধানদের সীতাদেবীর খোঁজে বহু নদী ও জনপদে প্রেরণ করিয়াছিলেন। উহাদের মধ্যে গোদাবরী নদী অন্যতম।

বেদেও গোদাবরী নদীর উল্লেখ পাওয়া যায়। সেখানে বলা হইয়াছে যে গোদাবরী নদী হব্য বহনকারী পবিত্র অগ্নির উৎসস্থল। সে সময় আর্য্য ও ম্লেচ্ছ উভয় জাতীয় মানুষই পবিত্র গোদাবরীর জল পান করিত। অর্থাৎ সকল মানুষেরই উপজীব্য ছিল এই নদী।

গোদাবরী ভারতের দ্বিতীয় দীর্ঘতম নদী। মহারাষ্ট্রের ত্রিম্বকেশ্বরের নিকট পশ্চিমঘাট পর্বতমালা হইতে উৎসারিত গোদাবরী নদী তেলেঙ্গানা ও অন্ধ্রপ্রদেশের মধ্য দিয়া প্রবাহিত হইয়া বঙ্গোপসাগরে পতিত হইয়াছে। ত্র্যম্বকেশ্বর হইতে গোদাবরীর যে শাখাটি প্রবাহিত হইয়াছে স্থানীয়দের নিকট উহা আজও 'গৌতমী-গঙ্গা' নামে পরিচিত। মহর্ষি গৌতম ও গৌতমী-গঙ্গার কাহিনী স্মরণ করিয়া ত্র্যম্বকেশ্বরের নিকট আজও দ্বাদশ বৎসরান্তে একটি মেলার আয়োজন হয়।

মহর্ষি গৌতম কর্তৃক গৌতমী গঙ্গার মর্ত্যে আগমন কথা :—

ব্রহ্মার কমণ্ডলু হইতে নির্গতা গঙ্গা দেবী পার্বতীর মতোই মহাদেবের প্রিয় পত্নী। গঙ্গাদেবী সর্বদা স্বামী শিবের জটাজুটে অবস্থান করিয়া থাকেন। তিনি ভগবান শিবের একান্ত অনুরক্তা এবং শিবও গঙ্গার প্রতি বিশেষভাবে আকৃষ্ট আছেন। ইহাতে নিরূপায় পার্বতী স্বামীর উপর অভিমান করিয়া সব মায়া পরিত্যাগকরতঃ হিমালয়ে তপস্যা করিতে যাইবেন বলিয়া মনস্থ করিলেন। পুত্র বিনায়ক-গণেশ তখন মায়ের দুঃখ সহ্য করিতে পারিলেন না। তিনি তখন মাতা পার্বতীকে খানিক প্রবোধ দিয়া স্কন্দ-কার্তিকেয় ও মাতৃসখী জয়ার সঙ্গে উদ্ভূত পরিস্থিতির বিষয়ে আলোচনা করিবেন বলিয়া স্থির করিলেন। ঠিক সেই সময় চতুর্দ্দশ বর্ষ ব্যাপী এক ভয়ংকর অনাবৃষ্টি দেখা দিল। জলাভাবে, পৃথিবী তখন প্রায় ধ্বংস হইবার অবস্থা। পরন্তু মহর্ষি গৌতম সেই ভয়ংকর প্রাকৃতিক দুর্যোগেও প্রাণ হারাইলেন না। নারদ সেই সময় ব্রহ্মগিরিতে এক তপস্যার আয়োজন করিলেন। মহর্ষি গৌতম এই সংবাদ পাইয়া ব্রহ্মগিরিতে উপস্থিত হইলেন এবং তথায় নিজ আশ্রম স্থাপন পূর্বক বাস করিতে লাগিলেন। তখন অন্যান্য ঋষিরাও গৌতমের আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন কারণ প্রকৃতির প্রকোপ হইতে জীবনরক্ষার সেটিই একমাত্র উপায়। বিনায়ক-গণেশও ব্রাহ্মণের বেশে জয়াকে সঙ্গে করিয়া তখন গৌতম-আশ্রমে উপস্থিত হইলেন। কারণ গঙ্গাকে মর্ত্যে আনয়নের ক্ষমতা একমাত্র প্রভাবশালী মহর্ষি গৌতমেরই রহিয়াছে।

ব্রাহ্মণবেশী বিনায়ক কিছুকাল আশ্রমে থাকিবার পর সমবেত অন্যান্য ব্রাহ্মণদের লইয়া অন্যত্র যাওয়ার অনুমতি চাহিলেন গৌতমের নিকট। কিন্তু প্রীতিবশতঃ গৌতম তাঁহাদের আশ্রম ত্যাগ করিতে দিলেন না। বিনায়ক ঋষির অনুগ্রহ বিষয়ে ব্রাহ্মণদের সঙ্গে তখন যুক্তি-তর্ক শুরু করিলেন। স্থির হইল যে মহর্ষি গৌতমের মাধ্যমে বিনায়ক এমন কার্য্য সমাধা করিবেন যাহার ফলে পৃথিবীর বৃহত্তর কল্যাণ সাধিত হইবে। গণেশ মায়ের অভিপ্রায় স্মরণ করিয়া জয়াকে নির্দেশ দিলেন গোপনে গো-রূপ ধারণ করিয়া গৌতম ঋষির সম্মুখে তাঁহার আশ্রম সংলগ্ন ক্ষেতে শালিধান ভক্ষণ ও নষ্ট করিতে হইবে। গৌতম তাঁহাকে সামান্যতম তাড়না করিলে আর্তস্বরে তিনি যেন মাটিতে জীবন্মৃতের মত পড়িয়া থাকেন। তখন গো-রূপী জয়া অবিলম্বেই নির্দেশমত কাজ করিলেন। মহর্ষি গৌতম কর্তৃক ধাবিত গাভীটিকে মৃত ভাবিয়া ব্রাহ্মণেরা তৎক্ষণাৎ গো-হত্যার পাপের কারণে তপার্জিত ক্ষমতা ক্ষয় হইবার ভয়ে আশ্রম ত্যাগে উদ্যোগী হইলেন। তখন গৌতম জীবন্মৃত গাভীটির নিষ্কৃতির উপায় অনুসন্ধানে বিনায়কের শরণাপন্ন হইলেন। গণেশ তখন তাঁহাকে বলিলেন — মহাদেবের জটাজুট হইতে তপস্যাবলে গঙ্গাকে মর্ত্যে আনয়ন করিয়া গাভীটিকে পবিত্র জলে অভিষিক্ত করিলেই তাঁহার নিষ্কৃতি হইবে। মহর্ষি গৌতম শেষ পর্য্যন্ত কঠোর তপস্যা করিয়া গৌতমী-গঙ্গার মর্ত্যে আগমন নিশ্চিত করেন।

(*ব্রহ্মপুরাণ হইতে সংগৃহীত*)

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীবিজন কুমার সেনগুপ্তের বিশেষ অনুরোধে ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর শ্রীশ্রীমায়ের যোগ-ব্যাখ্যা —

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গেঃ—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

১১। (পত্র নং ১১)—(প্রথম ভাগ) জগতে যে সকল আধ্যাত্মিক মার্গ যোগমার্গ বলিয়া পরিচিত, তাহাদের সবগুলিকেই আমাদের দৃষ্টিকোণ হইতে যোগমার্গ বলা চলে না। অধিকাংশই সাধন মার্গের প্রকারভেদ মাত্র। কোনো কোনোটিতে যোগের সম্বন্ধও থাকিতে পারে। সাধন মার্গে কর্ম, জ্ঞান, ভক্তি আছে। যোগ পথেও আছে; কিন্তু উভয়ের পার্থক্য অতি স্পষ্ট। বৌদ্ধদিগের হীনযান পথটি সাধন পথ এবং মহাযান পথটিকে যোগপথ বলা চলে। আমাদের ষড়দর্শন অনুসারে অনুশীলন প্রণালী সবগুলিই সাধন পথ। এমনকি প্রচলিত বেদান্ত সাধনও সাধন, যোগ নহে। পাতঞ্জল যোগও সাধন, যোগ নহে — এই বিষয়ে শ্রীমার মতামত।

উত্তর — (পত্র ১১, প্রথম ভাগ) — সাধন ও যোগ বিষয়টির পার্থক্য বুঝাইতে গিয়া কবিরাজ মহাশয় বৌদ্ধ ধর্মের 'হীনযান' পথটিকে সাধন পথ এবং 'মহাযান' পথটিকে যোগপথ বলিয়াছেন। এই পরিপ্রেক্ষিতে সর্বপ্রথমে আমাদের বুঝিতে হইবে হীনযান কি এবং মহাযান কি। হীনযানীরা বাহ্যবস্তুর অস্তিত্ব স্বীকার করে বলিয়া তাহাদের সর্বাস্তিবাদী বলা হয়। অপরপক্ষে মহাযানীরা বাহ্যবস্তুর অস্তিত্ব অস্বীকার করে। হীনযানীরা হল Realists বা বস্তুবাদী এবং মহাযানীরা হল ভাববাদী বা Idealists; মহাযানীরা শূন্যবাদ ও যোগাচারবাদ বা বিজ্ঞানবাদের মতবাদ গ্রহণ করেন। হীনযানীদের দর্শনানুযায়ী বস্তুর অস্তিত্ব প্রত্যক্ষভাবে জানা যায় না (সৌত্রান্তিক)। তাহা অনুমান সাপেক্ষ; আবার হীনযানেরই অন্যবাদে, বাহ্যবস্তুকে প্রত্যক্ষভাবে জানা যায় (বৈভাষিক)। মহাযানী হল ভাববাদী, যেটি দুইভাগে বিভক্ত — (১) যোগাচার (বিজ্ঞানবাদ), (২) মাধ্যমিক (শূন্যবাদ)। বৌদ্ধদর্শনের ঐ দুই পন্থাকে - হীনযানকে সাধন পথ এবং মহাযানকে যোগপথ বলিয়া অভিহিত করিয়াছেন শ্রীকবিরাজ মহাশয়।

এই প্রসঙ্গে শ্রীঅক্ষয় দত্তগুপ্ত মহাশয় তাঁহার 'জ্ঞানগঞ্জ' নামক প্রবন্ধে বলিয়াছেন — ''মোট কথা সাধন বিনা সিদ্ধি নাই। হীনযান মতে বুদ্ধ পথ দেখাইয়াছেন মাত্র, সাধককে নিজের চেষ্টায় চলিতে হইবে। মহাযান মতে বোধিসত্ত্ব আরও একটু কাছে আসিয়া এবং নিজের অনন্ত পুণ্যেরও ভাগ করিয়া দিয়া একটু অধিক সাহায্য করেন। কেন না তিনি ধ্যানী বুদ্ধের কৃপাবতার। মহাযানের আদর্শ স্বতন্ত্র। সে আদর্শ হইতেছেন বোধিসত্ত্ব। 'বোধিসত্ত্ব', এই শব্দের দুইটি অর্থ প্রসিদ্ধ। একটি হইতেছে, যিনি বহু বহু জন্ম ব্যাপী সাধন দ্বারা দান, শীল, ক্ষান্তি, বীর্য্য, ধ্যান ও প্রজ্ঞা এই ছয়টি গুণের বা ধর্মের পারমিতা অর্থাৎ পরাকাষ্ঠা লাভ করিয়া বুদ্ধত্বে সন্নিহিত হইয়াছেন কিন্তু জগতের সকল জীবের দুঃখ দুর্গতি দেখিয়া অপার করুণাবশে প্রতিজ্ঞা করিয়াছেন যে যতদিন একটি জীবও নির্বাণে বঞ্চিত থাকিবে ততদিন তিনি বুদ্ধত্ব বরণ করিবেন না, সকল জীবের শ্রেয় সাধনে ব্যাপৃত থাকিবেন। দ্বিতীয়তঃ, মহাযান মতবাদের উচ্চতম তত্ত্ব হইতেছেন ধ্যানী বুদ্ধ; ইনি মানুষ বুদ্ধ নহেন। বোধিসত্ত্ব সেই ধ্যানী বুদ্ধেরই অবতার জগতের পূর্বোক্ত রূপ শ্রেয়ঃ সাধনার্থ তৎকর্তৃক বুদ্ধত্বের কিঞ্চিৎ নিম্ন অবস্থায় প্রতিষ্ঠাপিত। কার্য্যতঃ দুটি অর্থেরই সমন্বয় করিয়া বোধিসত্ত্বাদর্শের ধারণা ও বিচার করা হয়। একদিকে নীচ হইতে উর্দ্ধে উত্তরণ, অন্যদিকে উর্দ্ধ হইতে নিম্নে অবতরণ। জ্ঞানগঞ্জের পরমহংসগণ প্রত্যেকে সাধন দ্বারা উন্নত হইয়া নিজেদের মোক্ষ বা নির্বাণ তুচ্ছ জ্ঞান করিয়া জগদুদ্ধার কার্য্যে ব্যাপৃত আছেন, ইঁহারা প্রত্যেকেই বোধিসত্ত্বের সমতুল্য।''

যোগসাধন পথে নিম্ন হইতে উর্দ্ধে উত্তরণই হইল 'যোগ'। ঐ যোগ অবস্থা হইতে ক্রমান্বয়ে সাধক যোগী হইয়া নির্বাণ পদ লব্ধ হন আর বোধিসত্ত্বগণ 'যোগ' হইতে অবতরণ করিয়া সদ্‌গুরুপদে অধিষ্ঠিত হইয়া লোককল্যাণ নিমিত্ত মানুষকে সাধন পথ প্রদর্শন ও দীক্ষাদানের মাধ্যমে শিষ্যকে চৈতন্যশক্তি দান করিয়া জন্মজন্মান্তরে নির্বাণ পদে উত্তোলিত হইবার সাধনপথ, প্রদর্শন করেন। জ্ঞানগঞ্জের মহাতপা মহাশয়কে, মহাযোগাসীনা ধ্যানীবুদ্ধ মনে করিলে তাঁহার শক্তি ও প্রভাব বোধিসত্ত্ব স্থানীয় ভৃগুরামাদি পরমহংস মধ্যে যে অবতরণ করিয়াছে, অবশ্যই ইহা অনুমেয় — এই পর্য্যায়টি উর্দ্ধ হইতে

নিম্নে অবতরণের অর্থাৎ অবতারের কর্ম। অতএব অবতারের কর্মকেই 'যোগমার্গ' বলা যায়। যোগীশ্বরের কর্মপন্থাই হইল যোগমার্গ। সাধকের সাধন পাদ হইল সাধনমার্গ, যেখানে কর্ম, জ্ঞান ও ভক্তি আছে — ইহা আত্মজ্ঞান-উপলব্ধির পর্য্যায় পড়ে। আর যোগপথে যে কর্ম, জ্ঞান, ভক্তি তা হল যোগীর স্বপ্রকাশ স্বভাব মাত্র। তাই বলা হইয়াছে অনুশীলন প্রণালী সবগুলিই সাধন পথ, সাধকের পথ যোগে উপনীত হইবার প্রয়াস। আর 'যোগ' হইল উপযুক্ত বিশুদ্ধ সত্তাধারে তাঁহার সদ্‌গুরুর শক্তি পরমাণু আরোপ করিবার ফলে আত্মজ্ঞ শিষ্যের আধারে হয় পূর্ণত্বের জাগরণ অর্থাৎ শিবত্বের পূর্ণরূপ।

—যোগ প্রসঙ্গের ব্যাখ্যা

শ্রীশ্রীমা সর্বাণী

শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা

(৭)

শ্রীশ্রীমায়ের কথা — ভগবতী শ্রীরাধার বিষয়ে :— রাধাষ্টমী তিথি - ইং ৬-৯-২০১৯

শ্রীরাধা মূলা হ্লাদিনী শক্তি। এই হ্লাদিনী শক্তিরই সর্ব আনন্দাতিশায়িনী বৃত্তি ভক্তগণের চিত্ত মাঝে হৃদয়ে নিক্ষিপ্ত হয়ে ভগবৎপ্রীতি রূপে ভক্তের সত্তা মধ্যে বিরাজ করে। শ্রীরাধাকে শ্রীকৃষ্ণপ্রেমের প্রবাহের বীজ বা উৎপত্তি স্থল বলা হয়েছে। পদ্মপুরাণে কার্ত্তিক মাহাত্ম্যে শৌনক-নারদ সংবাদে জানতে পারা যায় যে 'শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে সর্বশ্রেষ্ঠ প্রিয়া জেনে শ্রীবৃন্দাবনের আধিপত্য প্রদান করেন।' স্বয়ং আনন্দস্বরূপ হয়েও শ্রীভগবান যে শক্তির দ্বারা স্বয়ং আনন্দ-আস্বাদন করেন এবং ভক্তগণকেও আনন্দ আস্বাদন করান, সেই শক্তিকেই হ্লাদিনী শক্তি বলে। সেই হ্লাদিনী শক্তির পরমসার রূপই 'শ্রীরাধা'। চৈতন্য চরিতামৃতে আছে —''হ্লাদিনীর সার হল 'প্রেম'; প্রেমের সার হল 'ভাব'। ভাবের পরাকাষ্ঠার নাম 'মহাভাব' আর সেই মহাভাবের স্বরূপে হলেন 'শ্রীরাধা ঠাকুরানী', সর্বগুণখনি কৃষ্ণকান্ত শিরোমণি।'' ভগবতী 'রাধা' হলেন যোগমায়া আর ভগবতী 'দুর্গা' হলেন মহামায়া। 'রাধা' নিবৃত্তি মার্গে অবস্থান করেন, আর গতিপথে তিনিই 'ধারা' রূপে মহামায়া স্বরূপিণী ললিতা-দেবী-দুর্গা সাধকগণের মোক্ষদায়িনী। দেবী রাধা মঞ্জুস্বভাবা, মধুর স্নিগ্ধ স্বভাবযুক্তা। শ্রীকৃষ্ণের প্রতি, সখী-মঞ্জরীগণের প্রতি আর বিশ্বজীবের প্রতি এই মঞ্জুস্বভাবের অভিব্যক্তি প্রকাশিত হয়। ভগবান শ্রীকৃষ্ণকে যিনি যেমনভাবে ভজনা করেন, শ্রীকৃষ্ণ তাকে তদনুরূপই কৃপা করে থাকেন। কিন্তু মঞ্জুস্বভাবা শ্রীরাধা বিশ্বজীবের প্রতি অবিচারে কৃপা করে থাকেন; শ্রীরাধা জীবের প্রতি অবিচারে প্রেমদান করেন, এটিই তাঁর দিব্যস্বভাবের বৈশিষ্ট্য। শ্রীরাধা হলেন প্রেমের সাক্ষাৎ অধিষ্ঠাত্রী দেবী। শ্রীরাধা নাম শ্রীকৃষ্ণের আকর্ষণী মহামন্ত্র; কারণ, শ্রীরাধার মধ্যে যে আনন্দধারা রয়েছে সেটি সহজ এবং অদ্ভুত। সহজ এইজন্য যে, সেই প্রেমানন্দ-ধারা ঐশ্বর্য্য-জ্ঞানগন্ধশূন্য শুদ্ধ মাধুর্য্যময়, তাই সহজ এবং স্বাভাবিক। আবার অদ্ভুত ও আশ্চর্য্যময় কারণ সেটি চমৎকারিতায় পূর্ণ।

শ্রীকৃষ্ণের অন্তরে সুখের সঞ্চার করাই মহাভাবের কার্য্য। সব ব্রজগোপীগণের মধ্যে মহাভাবের বৃত্তি প্রচুর বিদ্যমান থাকলেও শ্রীরাধা মহাভাবের সারাংশ-উদ্রেকময়ী। শ্রুতিতে 'আনন্দং ব্রহ্ম' 'আনন্দমমৃতং যদ্বিভাতি' 'আনন্দ ব্রহ্মণো রূপং' ইত্যাদি ব্রহ্মের যে আনন্দরূপতা নির্ণীত হয়েছে, শ্রীকৃষ্ণই সেই আনন্দের কন্দ বা মূল, কারণ তিনি স্বয়ং ভগবান। সেইরূপ শ্রীরাধা আনন্দকন্দ শ্রীভগবানের পরম অদ্ভুত সৌম্যালক্ষ্মী। শ্রীরাধা হলেন পূর্ণ শ্রীকৃষ্ণ অনুরাগরসের দিব্য মূর্তি। 'রাধা' সর্বগুহ্যতম দিব্য-উপলব্ধির বিষয় মহাভাবরস সার। তাই 'রাধা' নাম জপে সিদ্ধ-যোগী শ্রীকৃষ্ণের দর্শন সহজেই প্রাপ্ত হন।

শ্রীরাধা অনন্ত গুণময়ী, শ্রীকৃষ্ণ অনন্ত গুণময়। দুজনেই একে অপরের সম্পূরক ও সমরস্যতা প্রাপ্ত পরমব্রহ্মস্বরূপ সত্তা। পরমব্রহ্ম সত্তার 'গুণ' বলতে নির্গুণে-সগুণ, সগুণে-নির্গুণ মিলমিশ্রণে থাকা অবস্থায় স্বভাবের অনন্ত স্ফূরণ বোঝায়। পুরাণ শাস্ত্রে আছে, রাধাকৃষ্ণের ভক্তগণ 'রা' শব্দ উচ্চারণ মাত্রই মুক্তিপদ প্রাপ্ত হয় এবং অন্ত্যবর্ণ 'ধা' শব্দ উচ্চারণ মাত্রেই হরির পদে ধাবমান হয়। শ্রীকৃষ্ণের অপর নাম অনঙ্গমোহন। সেই অনঙ্গমোহনের ইচ্ছামাত্রেণ বামাঙ্গ হতে রাসেশ্বরী শ্রীরাধা উৎপন্না হন। অন্যান্য দেবগণের স্ত্রীগণ তাঁরই অংশে উৎপন্না হয়েছেন।

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

(৩৮)

দেবতা ইন্দ্র — (পূর্ব প্রকাশিতের পর....)

ইন্দ্রের আয়ুধ হল বজ্র। পুরন্দর বজ্রপাণি। ঋগ্বেদের অনেক ঋষিই তাঁর বজ্রায়ুধের কথা বলেছেন। আকাশের বিদ্যুৎ চমক তাঁর হাতের বজ্র বলে কল্পিত হয়েছিল। ইন্দ্রের কার্যসিদ্ধির জন্য ত্বষ্টা এই বজ্র নির্মাণ করে তাঁকে দিয়েছিলেন (ঋক্ সং ১/৩২/২), অপর মতে কাব্য উশনা এর নির্মাতা (ঋক্ সং ১/১২১/১২)। ঐতরেয় ব্রাহ্মণে অবশ্য (৪/১) দেবতাদের বজ্রনির্মাতা বলা হয়েছে। বেদে কোথাও বজ্রকে আয়স (ঋক্ সং ১/৫২/৮) বা ধাতু নির্মিত বলা হয়েছে, অন্যত্র আবার বলা হয়েছে যে তা হিরণ্ময় (ঋক্ সং ১/৫৭/২)। এটি উজ্জ্বল (ঋক্ সং ৩/৪৪/৫) চতুর্ধার (ঋক্ সং ৪/২২/২) শতধারা (ঋক্ সং ৪/১৭/১০) শতমুখ বা সহস্রমুখ (ঋক্ সং ১/৮০/২২)। বৃষ যে ভাবে তার শৃঙ্গ ঘর্ষণ করে ইন্দ্রও তেমনি তাঁর বজ্র ঘর্ষণ করেন (ঋক্ সং ১/৫৫/১)। ইন্দ্রের হস্তকে আকাশের বজ্রের সঙ্গে তুলনা করে বলা হয়েছে —'দিবে ন সূর্যঃ'। বজ্রের ধারণকর্তা হিসাবে ইন্দ্রকে ঋগ্বেদে বজ্রবাহু, বজ্রিন, বজ্রহস্ত ইত্যাদি নামে অভিহিত করা হয়েছে। কোথাও কোথাও ইন্দ্রের হাতে তীর ধনুকের কথাও পাওয়া যায় (ঋক্ সং ৮/৪৫/৪, ১০/১০৩/২)। তাঁর হাতের অস্ত্র হিসাবে হাতীদের চালনা করার জন্য অঙ্কুশ নামক অস্ত্রের কথাও (ঋক্ সং ৮/১৭/১০) বলা হয়েছে। ইন্দ্রের বাহন যদি হস্তী হয় তাহলে অবশ্যই তাঁর হাতে অঙ্কুশ থাকতে হবে। অথর্ববেদের একটি মন্ত্রে (৮/৮/৫/৮) ইন্দ্রের হাতে জালের কথাও আমরা পাই।

দেবরাজ ইন্দ্র অতি দ্রুতগামী রথে চড়ে ঘোরেন। তাঁর রথকে মনের থেকেও দ্রুতগামী হিসাবে বর্ণনা করা হয়েছে (ঋক্ সং ৬/২৯/২, ১০/১১২/২)। তিনি রথে চড়ে যুদ্ধ করেন এবং হরিদ্বর্ণ অশ্বিদ্বয় সেই রথ বহন করে। বিভিন্ন সূক্তে তাঁর বাহনের সংখ্যার হিসাব বিভিন্ন রকম। কোথাও শত, কোথাও এগারশত আবার কোথাও বা হাজার (ঋক্ সং ২/১৮/৪-৭, ৪/৪৬/৩, ৬/৪৭/১৮, ৮/১৯/২৪)। এই অশ্বগুলি হিরণ্যকেশর (ঋক্ সং ৮/৩২/২৯), ময়ূরের মত তাদের পুচ্ছের বর্ণনাও আছে (ঋক্ সংহিতা ৩/৪৫/১)। ঈগলের মত তারা যেন পাখায় ভর করে দ্রুত উড়ে চলে (ঋক্ সং ২/১৬/৩, ৮/৩৪/৯)। ইন্দ্রের জন্য রথ আর রথের ঘোড়াদের চালনার জন্য স্বর্ণকষা বা সোনার চাবুক নির্মাণ করে দিয়েছিলেন ঋভুরা (ঋক্ সং ১/১১১/১)।

ইন্দ্র দেবতা সোমপ্রিয় বা সোমপা, তাই সোমপানের জন্য তিনি তা চুরিও করেন (ঋক্ সং ৩/৪৮/৪, ৮/৪/৪)। দেবতা ও মনুষ্যগণের মধ্যে তিনিই কেবল সমস্ত সোম পান করতে পারেন (ঋক্ সং ৮/২/৪)। জন্মের সঙ্গে সঙ্গেই তিনি সোমপান করেছিলেন (ঋক্ সং ৩/৪৭/২-৩)। বৃত্রকে বধ করার আগে সোমপান করে ইন্দ্র শক্তি সঞ্চয় করেছিলেন। বৃত্র বধে পরিতৃপ্ত মানুষেরাও তাঁকে সোমরস প্রদান করে আপ্যায়িত করেন। ঋগ্বেদের ১/৪/৭-৮ মন্ত্রে পাই — এই সোমরস ব্যাপনশীল যজ্ঞের সম্পদস্বরূপ, তা মানুষকে হৃষ্ট করে, কার্যসাধন করে এবং তা হর্ষদাতা ইন্দ্রের সখা। যজ্ঞব্যাপী ইন্দ্রকে সোমদান কর।

ত্রিকদ্রুক নামক যজ্ঞেও ইন্দ্রের সোমপানের কথা ঋগ্বেদের ২/১৫/১ মন্ত্রে পাওয়া যায়। সোম প্রকৃত পক্ষে কোন মাদকদ্রব্য অথবা অন্যকিছু একথা আমরা সোমসংক্রান্ত আলোচনার সময় উপন্যস্ত করব। ইন্দ্র সোম যেমন পান করতেন তেমনি গো-মহিষের মাংসও তার সঙ্গে খেতেন। এগুলিও তাঁর প্রিয়বস্তু। বসুক্র ঋষি ঋক্ সংহিতার ১০/২৮/৩ মন্ত্রে বলেছেন —

'অদ্রিণা তে মন্দিন্ ইন্দ্র
তুয়ান্‌ত্সুন্বন্তি সোমানপিবসি ত্বমেষাম্।
পঞ্চতি তে বৃষভাঁ অৎসি
তেষাং পৃক্ষেণ যন্মঘবন্ হূয়মানঃ।।'

অর্থাৎ — 'হে ইন্দ্র! যখন অন্ন কামনাতে তোমার উদ্দেশ্যে হোম করা হয়, তখন তারা শীঘ্র শীঘ্র প্রস্তরফলক সহযোগে মাদকতা শক্তিযুক্ত সোমরস প্রস্তুত করে। তুমি তা পান কর। তারা বৃষভসমূহ পাক করে তুমি তা ভোজন কর।' দশম মণ্ডলের ৮৬ সূক্তের ১৩ ও ১৪ মন্ত্রে ইন্দ্রের উদ্দেশ্যে কুড়িটি বৃষ রান্নার কথা আছে। এসব ছাড়াও ইন্দ্রের উদ্দেশ্যে হবি, পুরোডাশ, ঘৃত ও নানা ওষধি আহুতি দেবার কথা আছে।

সোমপানের দ্বারা পরিতৃপ্ত ইন্দ্র বৃত্র প্রভৃতি শত্রুদের হনন করেছিলেন। যুদ্ধের সময় ভক্ত যোদ্ধাদের তিনি রক্ষা

করেছিলেন। বেদের সংহিতা ও ব্রাহ্মণভাগ থেকে জানি সোমপান করার ফলে তাঁর উদর স্ফীত হয়ে গিয়েছিল। ঋগ্বেদের ১/৮/৭ মন্ত্রে ঋষি বলেছেন — সোম পান করে ইন্দ্রের উদর সমুদ্রের মত বর্ধিত হতে থাকে —'যঃ কুক্ষি সোমপাতমঃ সমুদ্র ইব পিন্বতে। উর্বীরাপ ন কাকুদঃ' (ঋক্ সং ১/৮/৭)। প্রথম মণ্ডলের ৮৫ সূক্তে ঋষি বলেছেন — অনেক সোমপান করার ফলে ইন্দ্রের শ্মশ্রু সোমলিপ্ত হয়ে যায়, সোম ঝেড়ে ফেলে আবার সোম পানের জন্য ইন্দ্র অগ্রসর হন।

ইন্দ্রের হাতের অস্ত্র হিসাবে বজ্রের কথা আমরা আগেই বলেছি —'ইন্দ্রো বজ্রী হিরণ্যয়ঃ', ইন্দ্রই প্রকৃতপক্ষে সমস্ত কাজ করেন তাঁর বজ্রের দ্বারা, তাই বহু লোক তাঁর স্তুতি করে থাকে —'ইন্দ্রো বিশ্বস্য কর্মণো ধর্তা বজ্রী পুরুষ্টুতঃ' (ঋক্ সং ১/১১/৪)। শিল্পী ত্বষ্টা ইন্দ্রের জন্য এই বজ্র নির্মাণ করে দিয়েছিলেন এবং বহু সংগ্রামে তাঁর কার্যসাধক ছিল এই বজ্র। বৃত্র, শুষ্ম প্রভৃতি অসুরকে এর সাহায্যেই বধ করেছিলেন ইন্দ্র —

'ত্বষ্টা যদ্বজ্রং সুকৃতং হিরণ্যয়ং সহস্রভৃষ্টিং স্বপা অবর্তয়ত্।
ধত্ত ইন্দ্রো নর্যপাংসি কর্তবেহহন্বৃত্রং নিরপা সৌব্জদর্ণবম্।।'

(ঋক্ সং ১/৮৫/৯)

....ক্রমশঃ

—অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

গীতা ভাবনা

(৪০)

গীতা ও ভারতীয় স্বাধীনতা সংগ্রাম পর্ব :—

(...পূর্ব প্রকাশিতের পর)

বস্তুতপক্ষে গীতায় আত্মার অমরতার কথা এবং নিষ্কাম কর্মযোগের কথা সংগ্রামীদের চিত্তকে উদ্বুদ্ধ করেছিল তাতে কোন সন্দেহ নেই। বিপ্লবী দীনেশ গুপ্তের একটা চিঠির কথা অধ্যাপিকা সুজলা কুণ্ডু উদ্ধার করেছেন তাঁর 'শ্রীমদ্ভাগবৎগীতার প্রভাব' গ্রন্থে (১০২ পৃঃ) — ''আমরা জানি, মরণ আমাদের হয় না, হয় এই নশ্বর দেহের, কিন্তু আত্মা অবিনশ্বর। সেই আত্মাই আমি — আর সেই আত্মাই ভগবান। মানুষের যখন সে উপলব্ধি হয়, তখনই সে বলিতে পারে, 'আমিই সে' — আগুন আমাকে পুড়াইতে পারে না, জল আমাকে ভিজাইতে পারে না। আমি অজর, অমর, অব্যয়।'' এই কথাটা যে গীতার ২/২৩,২৫ শ্লোকের কথা তা নিশ্চই পাঠকের দৃষ্টি এড়াবে না। ফাঁসির আগে মায়ের কাছে লেখা একটি চিঠিতে মৃত্যুকে ইনি মিত্র হিসাবে বর্ণনা করেছেন।

অধ্যাপিকা কুণ্ডুর মন্তব্য উদ্ধৃত করলেই বক্তব্যটি অত্যন্ত পরিস্ফুট হবে —''প্রতিটি বিপ্লবীর সর্বোচ্চ নেতা হইতে নিম্নতম সৈনিক পর্যন্ত সকলের জীবন-দর্শনটি ছিল গীতার ছকে বাঁধা। নিত্যকর্ম হিসাবে অধিকাংশই গীতা পাঠ করিতেন তো বটেই - না করিতে পারিলেও গীতার অনাসক্ত কর্মে ফলাকাঙ্ক্ষাহীন বীরব্রতে, আত্মার অবিনশ্বরতায় গীতার আস্থা লইয়া জীবনে প্রতিটি ক্ষণ কথা কহিয়াছেন তাঁহারা। যতীন্দ্রনাথ (বাঘাযতীন), সূর্য সেন (মাস্টার দা), জ্যোতিষচন্দ্র ঘোষ (মাস্টারমাশাই), ত্রৈলোক্যনাথ চক্রবর্তী (মহারাজ) প্রমুখ বিপ্লবী নেতৃবর্গ — যাঁহারা আমরণ বিপ্লব সাধনায় মগ্ন ছিলেন, প্রত্যেকের ব্যক্তিগত জীবন আধ্যাত্মিকতার আলোকে উজ্জ্বল ছিল এবং তাহার মূল শিখাটি ছিল 'শ্রীমদ্ভাগবদ্ গীতা' (১০৩ পৃঃ)।

অতুলচন্দ্র সেন 'বাংলার বিপ্লববাদ ও গীতা' নিবন্ধে বিপ্লবীদের জীবনে গীতার প্রভাবের কথা বলতে গিয়ে সেই সত্যটিকেই তুলে ধরেছেন। গীতার সম্পাদনায় লেখা (৬৩ পৃঃ) প্রবন্ধটির কিছুটা উদ্ধার করলে ব্যাপারটি আরো স্পষ্ট হবে —'কানাই - ক্ষুদিরাম - প্রফুল্ল চাকী - সত্যেন্দ্র বসু - নলিনী বাগচী - প্রীতিলতা - আসফাকউল্লা - বসন্ত - বিলাস - বিনয় - বাদল - দীনেশ - ব্রজকিশোর - অনাথপাঞ্জী - প্রদ্যোৎ - মৃগেন্দ্র - যতীন দাস - মতি মল্লিক - ভবানী - উধম সিং - রামকৃষ্ণ - নির্মল সেন - দীনেশ মজুমদার - ভগৎ সিং প্রমুখ অসংখ্য শহিদদের প্রত্যেকে সেই যুগে একটি বাণীর মর্মকথা হৃদয় দিয়ে শুনেছিলেন।

তানি সর্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বসে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা।। ২/৬১

তাই এই অপরিণত মৃত্যুঞ্জয়ী বিপ্লবী সকল ইন্দ্রিয় সংযম করে চিত্ত সমাহিত করতে চেয়েছিলেন, ইন্দ্রিয় সকল বশীভূত করেই ক্রমে তাঁরা 'সমাহিত চিত্ত' হতে পেরেছিলেন। নিঃশব্দে আত্মদান করে তাঁরা প্রমাণ করে গেছেন যে তাঁরা ছিলেন

'স্থিতপ্রজ্ঞ'। বিপ্লবীদের জীবনকথা যাঁরা পর্য্যালোচনা করেছেন তাঁরা সকলেই এই দিকটার উপরে বিশেষ নজর দিয়েছেন। এই বিপ্লবীদের মধ্যে ত্রৈলোক্যনাথ চক্রবর্তী একটি গীতাভাষ্যও লিখেছিলেন। ইংরাজ সরকার এইসব বিপ্লবীদের যখন কারারুদ্ধ করতেন তখন তাঁদের সব রকমের কাগজপত্র যেমন বাজেয়াপ্ত করতেন তেমনি গীতা রচনাদিও বাজেয়াপ্ত করতেন। ১৯২৪ খ্রীষ্টাব্দে ত্রৈলোক্য মহারাজকে যখন জেলে পাঠান হল তখন তাঁর গীতাভাষ্য লেখা খাতাটাও কর্তৃপক্ষ কেড়ে নিয়েছিলেন। ১৯২৮ সালে জেলখানা থেকে মুক্তি পাবার পর তাঁর খাতাগুলো যখন ফেরৎ দেওয়া হল, তখন গীতার প্রথম অধ্যায়ের বিষয় তিনি প্রকাশ করলেন 'গীতার ১ম খণ্ড' নামে। ১৯৩০ সালে আবার তাঁকে ধরা হল এবং নয় বছরের জন্য জেল দেওয়া হল। এই দীর্ঘ সময়ে তিনি গীতার পরবর্তী অধ্যায়গুলির ব্যাখ্যা করেছিলেন। পণ্ডিতেরা যেভাবে সব সময় গীতার শ্লোক আওড়ান ইনি কিন্তু তেমনটি করতেন না, অথচ গীতার বাণী তাঁর মধ্যে সার্থক হয়ে উঠেছিল।

রাইটার্স বিল্ডিঙে অলিন্দযুদ্ধে দীনেশ গুপ্ত ব্রতী হন এবং বীরের মত মৃত্যুকেও বরণ করেন। ভূপেন্দ্রকিশোর রক্ষিত রায় দীনেশের রচনা থেকে উদ্ধৃতি দিয়ে লিখেছেন —"গীতা পড়তে আমার ভাল লাগে, কিন্তু দু-লাইন পড়লেই কুরুক্ষেত্র যুদ্ধের কথা মনে পড়ে, আর তক্ষুণি ভাবতে বসি কবে আমাদের যুদ্ধ শুরু হবে, কবে আমি যুদ্ধের সৈনিক হব।"

৯ সেপ্টেম্বর ১৯১৫ সালে বালেশ্বর যুদ্ধে চিত্তপ্রিয় রায়চৌধুরী প্রভৃতি প্রাণ বিসর্জন করেছিলেন। পরে বালেশ্বর জেলেতেই নীরেন্দ্রনাথ দাসগুপ্ত, মনোরঞ্জন সেনগুপ্ত প্রভৃতিকে ফাঁসি দেওয়া হয়। ফাঁসির দুদিন আগেই ১লা ডিসেম্বর বালেশ্বর থেকে মনোরঞ্জন তাঁর ছোট ভাই চিত্তরঞ্জনকে যে চিঠি লিখেছিলেন সেখান থেকে তাঁর বিপ্লববাদের পটভূমিতে গীতার ভূমিকাটি ব্যক্ত হয়েছে। অধ্যাপিকা কুণ্ডু পঞ্চানন চক্রবর্তীর লেখা 'রক্ততীর্থ' থেকে (৫৬ পৃঃ) সেই চিঠিটি উদ্ধৃত করেছেন। সেখান থেকেই আমরা চিঠিটি তুলে দিলাম।

স্নেহের ভাইটি,

আগামী পরশু আমার জীবনের বিজয়া দশমী, হৃদয়ে বাসনার বীজ থাকে বলেই মানুষের পুনর্জন্ম হয়, আমাদেরও কামনা পূর্ণ হয়নি তাই আমিও হয়তো তোমার ছোটভাই হয়ে জন্মেই প্রারব্ধ কাজের বাকিটুকু শেষ করব। এটুকু বিশ্বাস আমার খুবই আছে যে আমরা আমাদের লক্ষ্যে নিশ্চয়ই পৌঁছাব, সেই দিনের আর বেশী দেরী নাই। মনে করিও না এই জীবন-দান নিরর্থক। আমাদের মৃত্যুর জন্য দুঃখ করিও না। জান তো —

দেহিনোঽস্মিন্ তথা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তরপ্রাপ্তিঃ ধীরস্তত্র ন মুহ্যতি।।

সকল জিনিসের মধ্যেই ভগবানের মঙ্গল ইচ্ছা নিহিত থাকে। ভগবান প্রাণের আকুল আগ্রহ কোন দিনই ঠেলে ফেলেন না এবং যা তিনি করেন সকলের মঙ্গলের জন্যই করেন এটা মনে রেখ। তোমাকে আমি বহুদিন বলেছি, আজও শেষ দিন বলে যাচ্ছি যে এক গালে চড় দিলে তাকে দুই গালে দুইটা চড় দিবে। বাবা, মা, দিদি, দাদা, বৌদিকে সান্ত্বনা দিও। আশীর্বাদ করি ভগবান যেন তোমাকে লক্ষ্যভ্রষ্ট না করেন।

ক্লৈব্যং মাস্মগমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রংহৃদয়দৌর্বল্যম্ ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ।।

ইতি - নোয়াদা।

বাংলার স্বাধীনতা সংগ্রামীদের কাছে গীতা শুধুমাত্র একটা ধর্মশাস্ত্র ছিল না, তা ছিল দিব্য বাণী, ভগবানের দৈবী প্রেরণা হল গীতা। এজন্য বুঝে হোক, না বুঝে হোক অথবা ভাবাবেগে স্বল্প বুঝে হোক গীতার আস্বাদ তাঁরা হৃদয়ভরে নিয়েছিলেন। এই শাস্ত্রবিশ্বাস একদিনে তাঁদের মধ্যে শান্তি-তৃপ্তি এনেছে দৃঢ়ব্রত করেছে। অপর পক্ষে নিঃশেষে জীবনদানে উৎসাহ যুগিয়েছে। জীবনের পরম লক্ষ্যে উত্তীর্ণ না হলে বার বার জন্মমৃত্যুর যাতায়াত চলতেই থাকবে। প্রতিজন্মেই দেশদ্রোহীদের নিধনের জন্য তাঁরা নানা মূর্তিতে অবতীর্ণ হবেন। যখন অত্যাচারীর শাণিত কৃপাণ ভীম রণভূমে আর রণিত হবে না তখনই বিপ্লবীর সিদ্ধি। দেশের বৃহৎ স্বার্থের সঙ্গে নিজের স্বার্থকে মিলিয়ে নিষ্কামকর্মে তাঁরা ব্রতী হয়েছিলেন। গীতার সূত্রে তাই বিপ্লবীদের সহস্রটি মন একই সূত্রে বাঁধা পড়ে ছিল।

গীতা নিয়ে আমাদের পরিক্রমার পথটি বিশাল। এক্ষেত্রে প্রত্যেকটি পথের গতিকে বোঝার জন্য যত ব্যাপক আলোচনার দরকার ছিল তত সময় বা বক্তব্য বিষয়কে বিতত করার সুযোগ স্বল্প। প্রতি বিপ্লবী ধরে আলোচনায় না গিয়ে অধ্যাপিকা কুণ্ডুর ধারাকে অনুসরণ করে আমরা এই বিষয় একটা রেখাচিত্র মাত্র অঙ্কন করলাম। *...ক্রমশঃ*

—অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

কোথায় তোমরা চলেছ?

(স্বামী মুক্তানন্দ রচিত ইংরাজী পুস্তক 'Where Are You Going' -এর বঙ্গানুবাদ)

(৬)

কুকুরের হাড় চিবানো — সুখ আমাদের নিজেদের মধ্যেই আছে এবং এটা আমাদের নিজস্ব, কিন্তু আমরা সর্বদা আমাদের অন্তরানন্দকে বাইরের কোনো কিছুর উপর আরোপ করি এবং ভাবি এটা ওখান থেকেই আসছে। যদি তুমি তোমার ক্রিয়াকলাপ খুব সূক্ষ্মভাবে বিচার কর, তুমি দেখবে যে এমনকি তোমার পার্থিব আনন্দ উপভোগ্য বস্তুর থেকে আসছে না, তোমার ভিতর থেকেই আসছে। তুমি বলবে, আমি যখন গান শুনি আমার খুব ভাল লাগে। টেনিস খেলাতে আমি অত্যন্ত আনন্দ পাই। বস্তুতঃ, যখন তুমি এইগুলি কর, এটা তোমার নিজ অন্তঃআনন্দ, যেটা তুমি উপভোগ কর। বেদান্তে একটা প্রবাদ আছে, "পৃথিবীর আনন্দ কুকুরের হাড় চিবানো।" একটা কুকুর একটা হাড়ের টুকরো পেল এবং চিবাতে আরম্ভ করল, চিবাতে চিবাতে একখণ্ড হাড় তার মাড়িতে আটকে গেল এবং রক্ত বের হতে লাগল। রক্তের স্বাদ পেয়ে কুকুরটি ভাবল, 'বাঃ! হাড়ের টুকরোটি তো বেশ সুস্বাদু।' যতো সে হাড় চিবায় ততোই মাড়ির থেকে রক্ত পড়তে থাকে। যতোই রক্তের আস্বাদ পেতে থাকে ততোই হাড়টাকে সুস্বাদু বোধ হতে লাগে। এটা একটা অনন্ত চক্র। যেমন কুকুরটি বোঝে না, যে সে তার নিজ রক্তই আস্বাদন করছে, সেই রকম তুমিও বোঝো না, যে আনন্দ তুমি এই পৃথিবীর থেকে লাভ করছ সেটা তোমার অন্তর থেকেই আসছে। তোমার জীবনে যে আনন্দ তুমি পাও সেই সম্বন্ধে তুমি চিন্তা কর। কোথা থেকে এটা আসছে? যখন তুমি খাওয়া শেষ কর, এবং যখন তোমার উদর পূর্ণ হয়, ক্ষণিকের তুমি তৃপ্তি লাভ কর। যখন তুমি বহুদিন পর তোমার বন্ধুকে দেখ এবং আলিঙ্গন কর, মুহূর্তের একটা ভগ্নাংশ হলেও তুমি একটা আনন্দ উপভোগ কর। যখন শিল্পী তার কাজের বিষয় ভাবে কয়েক মুহূর্তের জন্য হলেও সে একটা তৃপ্তি লাভ করে। বস্তুতঃ সে মুহূর্তে যেটা হয় সেটা হল মন তখন শান্ত হয়ে যায়, এবং অন্তরে শান্তির / আনন্দের যে কেন্দ্র আছে বিদ্যুতের চমকের মত, নিজের মধ্যে উদ্ভাসিত হয়। যে আনন্দ তুমি অনুভব করলে সেটা চিরস্থায়ী হয় না এবং এটা অন্তরে একটা আনন্দের ছায়া মাত্র। এই আনন্দ প্রত্যক্ষভাবে পেতে গেলে তোমাকে ধ্যানের মধ্যে যেতে হবে, আনন্দ যেখানে আছে, সেখানেই তাকাতে হবে।



আসল সমস্যা হচ্ছে যে তুমি তোমার অন্তরে তাকাতে চাও না। বাইরের জগতে যা কিছু ঘটছে তোমার ক্যামেরায় শুধু সেগুলিই ধরা পড়ে। অন্তর্লোকে ফিরে ওখানে কি হচ্ছে তার খবর একবারও নাও না। তবু প্রত্যেক রাত্রে অন্তর্মুখী হবার আনন্দ তুমি অনুভব কর। সারা দিনে কত জিনিস সংগ্রহ কর, কত বন্ধুদের দেখ, কত কঠোর শ্রম কর, কত সুখ উপভোগ কর। তুমি এই সমস্তই কর আনন্দের জন্য কিন্তু দিন শেষে যখন বাড়ি আস বল "আমি খুব ক্লান্ত"। সমস্ত দিনে তুমি লক্ষ টাকা আয় করলে, কি উচ্চতম উপাধিতে ভূষিত হলে বা জাঁকজমক পূর্ণ ভোজসভায় গেলে সেটা কোনো ব্যাপার নয়, যখন দিন শেষ হয়, তুমি শ্রান্ত বোধ কর, তখন যেটা তুমি চাও সেটা হল নিদ্রা। সমস্ত দিনের কঠোর পরিশ্রম করে যে সম্পদ তুমি সংগ্রহ করলে, ঘুমের সময় এগুলির কোনো কিছুরই প্রয়োজন হয় না। সেই সময় তোমার প্রিয়জনকেও চাও না। যা তুমি চাও সেটা হল বিশ্রাম। সেই জন্য তুমি অন্ধকার ঘরে যাও এবং গরম কম্বলে নিজেকে জড়িয়ে নাও।

পরের দিন, যদি কেউ তোমাকে প্রশ্ন করে, "কেমন বোধ করছ?" তুমি বল, "আমি খুব সতেজ অনুভব করছি"। কয়েক ঘন্টার ঘুম তোমাকে পূর্ণ সতেজ করে তুলেছে। তুমি কিছু খাওনি, কিছু করনি, কিছু আননি, অথবা কোনো কিছু উপভোগ করনি, তথাপি তুমি পুনঃ তারুণ্যের অনুভব কর। এইটাই তোমার প্রত্যেক দিনের অভিজ্ঞতা। কেন সমস্ত দিনে যে সমস্ত কাজ কর্ম করে তুমি আনন্দ পাও সেগুলি তোমাকে ক্লান্ত করে, আবার কয়েক ঘন্টার নিদ্রা তোমাকে এত শক্তিমান এবং কর্মঠো করে তোলে? তোমার নিজের নিদ্রাই তোমাকে বার বার শিক্ষা দেবে যে, সত্যকারের শক্তি এবং ক্ষমতার উৎস তোমার নিজের মধ্যেই আছে।

অন্তঃজগৎ — সমস্ত দিনের মধ্যে যদি আত্মস্থ হও এবং কিছুক্ষণের জন্যও ধ্যান কর, তুমি মূল উৎসটা ধরতে পারবে,

এবং তুমি একটা প্রবাহমান আনন্দ ও উৎসাহের মধ্যে থাকবে। প্রত্যেকের অন্তরে একটা দিব্য সচেতন শক্তি আছে তাকে কুণ্ডলিনী বলে ধ্যানের মধ্যে এই অন্তঃশক্তি জাগরিত হয়, এবং ভিতরে একটা স্বতঃস্ফূর্ত যোগের ক্রিয়া ঘটতে থাকে। অধিকাংশ লোকেই হঠযোগের দৈহিক ক্রিয়াকলাপকেই যোগ ভাবে। কিন্তু যোগের প্রকৃত অর্থ -'পুনঃমিলন' - এই মিলন হচ্ছে আত্মার সঙ্গে, যার সঙ্গ থেকে তুমি বিচ্ছিন্ন হয়ে পড়েছ। যখন অন্তঃশক্তির জাগরণ হয় এবং স্বতঃস্ফূর্ত যোগের ক্রিয়া আরম্ভ হয়, তোমার মধ্য থেকেই পূর্ণ শরীর পবিত্র হয়ে ওঠে। তোমার সচেতনতা অন্তঃমুখী হয় এবং তুমি অন্তঃজগৎ দেখতে সক্ষম হও। বস্তুতঃ ধ্যানের মধ্যে দিয়েই অন্তঃশক্তি জাগরণের পর তুমি তোমার সত্য প্রকৃতিকে, তোমার অন্তঃচেতনাকে চিনতে পার। তুমি এমন একটা কেন্দ্রে পৌঁছাবে যেটা নাকি সুখ দুঃখের অতীত একটা রাজ্য, সেখানে তুমি একটা পরম শান্তির অনুভব করবে এটাই আত্মার রাজ্য।

যখন তুমি আত্মাকে দেখবে, যখন তুমি একে অনুভব করবে, তুমি তখন সম্পূর্ণভাবে বদলে যাবে। পৃথিবীও তোমার কাছে বদলে যাবে, এবং এই পৃথিবীকে তুমি সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিতে দেখবে। একটা প্রবাদ আছে, "কাকের যেটা দিন, প্যাঁচার কাছে রাত্রি"। এইভাবেই, যে পৃথিবীটা একজন অজ্ঞানীর কাছে বাধা বিপত্তিময় এবং সমস্যা সঙ্কুল, একজন আত্মজ্ঞানীর কাছে, স্বর্গ। সৎ-গুণ, সৌন্দর্য এবং নানা মহৎ কুশলতার মধ্যেই ঈশ্বরের প্রকাশ পূর্ণভাবে বিদ্যমান, এবং ঐগুলি তিনি আমাদের প্রত্যেকের অন্তরে দিয়ে রেখেছেন। কিন্তু সেগুলি তুমি বাহ্যিক জগতের আমোদ আহ্লাদের মধ্যে দেখতে পাবে না। সেই অন্তঃমূল তত্ত্বকে বুঝতে তোমাকে একটা সূক্ষ্ম দৃষ্টি লাভ করতে হবে।

তোমার অন্তরে যে বিশালতা যে ব্যাপ্তি আছে, সে বিষয়ে তোমার কোনো ধারণা নেই। এই দেহকে সামান্য বলে মনে হয় কিন্তু এর মধ্যেই সমগ্র বিশ্বের রূপ পাবে। বাইরের সূর্যের থেকে এই দেহের সূর্যের প্রভা হাজার গুণ বেশী, কিন্তু উত্তপ্ত হবার পরিবর্তে এটা শান্ত সমাহিত থাকে। সেই অন্তঃজ্যোতির আলোর জন্যই তোমার মুখমণ্ডল দীপ্তিময় এবং চক্ষুর তারা উজ্জ্বলতর হয় যা নাকি তোমার মস্তিষ্কে আধ্যাত্মিকতার বড় কেন্দ্র সহস্রারে থাকে। হৃদয়ই হচ্ছে জ্ঞানের কেন্দ্র যার মধ্যে তুমি সমস্ত বিশ্বকে দেখতে পাবে। বস্তুতঃ তোমার অন্তরে এত বস্তু আছে যে সেই সব বর্ণনা করে আমি গ্রন্থের পর গ্রন্থ লিখতে পারি। বাইরের জগতে যত সব আশ্চর্য বস্তু দেখ অন্তর্জগতে তার চেয়ে বেশী পরিমাণে আশ্চর্য বস্তু দেখতে পার। যে আনন্দ তুমি খুঁজছো, তোমার অন্তরে অনেক বেশী পরিমাণে পেতে পার।

সারাজীবন তুমি শুধু তোমার চক্ষুকে সুদৃশ্য, কানকে সুমধুর শব্দে, নাককে সুমিষ্ট গন্ধে, তোমার শরীরকে নরম স্পর্শ পেতে এবং জিহ্বাকে নিত্য নতুন আস্বাদন পেতে প্রশ্রয় দিয়ে এসেছ। সুমধুর সঙ্গীত শুনতে ইচ্ছা করলে তুমি রক-এন্ড-রোল, সিম্ফনী অথবা অপেরার সঙ্গীত শোনো কিন্তু যখন অন্তঃশক্তি জাগ্রত হয় এবং সহস্রারে ওঠে, তখন তুমি এমন এক দিব্য শব্দ শুনতে পাবে এবং সেটা এত সুমিষ্ট যে তুমি বর্ণনা করতে পারবে না। যখন তুমি সেগুলি শুনতে থাকবে তোমার আনন্দ ততোই বৃদ্ধি হতে থাকবে এমনকি তোমার দৈহিক পীড়াগুলিরও আরোগ্য হতে থাকবে। এইভাবে তুমি সুগন্ধ উপভোগ কর। সুমিষ্ট গন্ধ পেতে তুমি তোমার দেহে সুগন্ধি ঢাল, কিন্তু যখন বার্ধক্য আসে তোমার শরীরে দুর্গন্ধ ছাড়তে থাকে। কিন্তু যখন তুমি ধ্যানের গভীরে যাবে, তোমার সমস্ত শরীর সুগন্ধে পরিপূর্ণ হতে থাকবে। সেই সুগন্ধ এত সুমিষ্ট যে যখন তুমি ঘ্রাণ নাও তোমার শরীর শান্ত হতে আরম্ভ করে।

তুমি স্পর্শের আনন্দ চাও। সেই স্পর্শের আনন্দ পেতে তুমি অন্যের দেহের সঙ্গে তোমার দেহ ঘর্ষণ কর এবং আলিঙ্গন কর যতক্ষণ না তোমার স্পর্শের অনুভূতি চূড়ান্তভাবে শেষ হয়ে যায় এবং তুমি আর অন্য কিছু অনুভব করতে পার না কিন্তু যখন অন্তঃশক্তি জাগরণ হয়, এটা তোমার ভিতরে খেলতে থাকবে। তখন তোমার সমস্ত অস্তিত্ব একটা সূক্ষ্ম স্পর্শের আনন্দ অনুভব করবে এবং তুমি একটা অপূর্ব অনুভূতিতে পরিপূর্ণ হয়ে উঠবে ও পূর্ণ তৃপ্তি লাভ করবে।

তুমি একটা সুন্দর আকৃতি দেখতে চাও এবং তোমার নিজের আকৃতিও সুন্দর করতে চাও। তোমার চেহারাকে আকর্ষণীয় করে তুলতে তুমি তোমার মুখে পাউডার, ক্রীম প্রভৃতি মাখ। কিন্তু কালক্রমে এইসব রাসায়নিক দ্রব্য তোমার চামড়াকে নষ্ট করে এবং তখন মেকআপ ছাড়া তোমাকে ভূতের মত লাগবে। তুমি চুলের পরিচর্য্যা কর, সুন্দর সুন্দর বেশভূষায় নিজেকে সজ্জিত কর, কিন্তু তোমার পোষাক একদিন নোংরা হবে ও ছিঁড়ে যাবে। এইরূপ বাইরের রূপ ক্ষণস্থায়ী এটা ক্ষণিকের এবং তারপর হারিয়ে যায়। কিন্তু ভিতরের রূপ অপরিবর্তনশীল। এর বৃদ্ধি নেই এবং বিনাশ নেই। যতোই তুমি ধ্যানের গভীরে যাও তোমার ভিতরে যে

অন্তঃশক্তি কাজ করতে থাকে তার থেকে এমন এক সৌন্দর্যের অনুভব করতে আরম্ভ করবে যে সেটাকে গ্রহণ ও বহন করাই শক্ত হয়ে পড়বে। সহস্রারে অপূর্ব দীপ্তির কেন্দ্রের মধ্যে একটা নীল আলোর ছটা যা নীল মুক্ত নামে পরিচিত সেটাই আত্মার আলো তোমার অন্তরে। এটা দেখে মহান সাধকরা ঘোষণা করেছিলেন, ''ঈশ্বর প্রত্যেক মানুষের মধ্যেই বাস করেন।''

পৃথিবীতে যা কিছু তুমি খোঁজো তা তোমার ভিতরেই আছে। সর্বোৎকৃষ্ট আনন্দের ছটা অন্তরে বিচ্ছুরিত হচ্ছে। কিন্তু এই বিষয়ে কেবলমাত্র পণ্ডিতি বুদ্ধিতে বোঝাই সব নয়। তোমাকে এর গভীরের মধ্যে যেতে হবে। একে খুঁড়ে বের করতে হবে। তখন তুমি দেখবে ঝক্‌মকে উজ্জ্বল চৈতন্য একটা পরম প্রশান্তিতে তোমার মধ্যে অবস্থান করছে। প্রসিদ্ধ সুফী সাধক, মনসুর মস্তানা বলেছেন,''তুমি একটা মন্দির ধ্বংস করতে পার, একটা মসজিদ্ ভাঙতে পার, তুমি একটা কাবা ভাঙতে পার কিন্তু মানুষের অন্তর ভাঙতে পার না কারণ অন্তরে ঈশ্বর বাস করেন।'' ঈশ্বরের প্রকৃত অবস্থান হচ্ছে হৃদয়ে এটা আনন্দের আশ্রয়, অসীম ভালবাসার বাসস্থান, সেখানে যাও। *...ক্রমশঃ*

—বঙ্গানুবাদ শ্রীবিজন কুমার সেনগুপ্ত

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৫৪ : 'জ্ঞান' কি? পরমব্রহ্ম ও জ্ঞানের সম্বন্ধ কি?

উত্তর : 'জ্ঞান' অর্থে নিশ্চয়াত্মক বোধে জানা বা কোন বিষয়কে প্রকৃত সত্যরূপে সঠিক জানা। গীতায় নিষ্কাম কর্মের অন্তিম পর্য্যায়ে জ্ঞানের উন্মেষ হয়, বলা হইয়াছে। যিনি আত্মস্বরূপে স্থিত হইয়াছেন, তিনি ''সত্যং জ্ঞানং অনন্তং ব্রহ্ম''-কে উপলব্ধি করিতে সক্ষম হইয়াছেন। যাঁহার মন বা চিত্ত সুখ-দুঃখ, জয়-পরাজয়, পাপ-পুণ্য, নিন্দা-প্রশংসা ইত্যাদি দ্বন্দ্বভাবের উর্ধ্বে অবস্থান করে, যিনি সর্বত্র সমদর্শী সকল ভূতবর্গকে যিনি নিজের মধ্যে প্রত্যক্ষ অনুভব করিতে পারেন এবং নিজের অস্তিত্বকে যিনি সর্বভূতের মধ্যে অনুভব করিতে সক্ষম, যিনি আত্মজ্যোতির দর্শনে মুগ্ধচিত্ত ও স্থিতপ্রজ্ঞ সেই আত্ম-উপলব্ধির মহিমায় তাঁহার অজ্ঞান সম্পূর্ণ বিনষ্ট হইয়া 'জ্ঞান' প্রকাশমান সূর্য্যের মতো সেই পরমপুরুষ বা পরমব্রহ্মকে তাঁহার সত্তার বক্ষে অন্তরাকাশে পূর্ণরূপে প্রকাশিত করিয়া থাকে। জ্ঞান ব্রহ্মের সর্বোত্তম পবিত্র প্রকাশ। জ্ঞান বুদ্ধিসত্ত্বের আলোক। যোগমার্গে সমাধি পর্য্যায়ে সত্য-জ্ঞানের উন্মেষ হয়। প্রকৃতপক্ষে আত্মার জ্যোতিই হল 'জ্ঞান'। জ্ঞানমার্গেই যোগীর পরমাগতি লাভ হয়। জ্ঞান-পর্য্যায়ে হয় ব্রহ্ম সাক্ষাৎকার। জীবন্মুক্ত অবস্থালব্ধ যোগীর নিকট জ্ঞান পরম নির্বিকার সত্যের সন্ধান প্রদান করে। জ্ঞানী যোগীগণ নিবৃত্তি মূলক বেদধর্ম অবলম্বন করেন।

মহাভারত পুরাণে ধৃতরাষ্ট্র সনৎসুজাত ঋষিকে জিজ্ঞাসা করিয়াছিলেন —''যাঁহারা এই ঋক্, সাম, যজু এই তিন বেদকে অবগত আছেন, তিনি যদি অন্যায় পাপ কর্মও করেন, তবে কি সেই পাপ তাঁহার বন্ধন সৃষ্টি করিবে?'' ইহাতে তখন সনৎসুজাত বলিয়াছিলেন —''ঋক্-সাম-যজুর কর্মমার্গ কখনো একজন মায়াবদ্ধ জীবকে মুক্তির পথ দেখাইতে পারে না। বৈদিক কর্মের পবিত্রতা শুধুমাত্র তাঁহাকে প্রকৃষ্ট ব্রাহ্মণ্যের মধ্যে প্রতিষ্ঠিত করিতে পারে মাত্র, যেমন, এই কথা আছে — ঋক্-সাম-যজুর চর্চায় একজন মানুষ ব্রহ্মলোকে (ব্রাহ্মণ্যের মধ্যে) বিরাজ করেন। অর্থাৎ, যাহা আচরণ করিলে দেবতার পদবী প্রাপ্ত হওয়া যায়, সেই দেবতাদের অবস্থান বেদবিদ্ ব্রাহ্মণের মধ্যেই। পরন্তু এই মূর্তামূর্ত মায়া জগতের বাহিরে আরও একটি মহত্তম তত্ত্ব আছে, তাহার জন্যেই তপস্যা করিতে হইবে। সেই তপস্যার পুণ্যে সমস্ত পাপরাশি নির্মূল হইলে পরে জ্ঞানোদয় হইবে। সেই জ্ঞানেই আত্মস্বরূপ ব্রহ্মের প্রকাশ ঘটে। জ্ঞানের দ্বারাই একমাত্র সেই ব্রহ্মস্বরূপ আত্মাকে লাভ করা যায়, ইহা ভিন্ন মুক্তির আর অন্য পথ নাই; অন্যথায় বারংবার শুধু এই মায়িক জগতে আসা-যাওয়া। এখানে ঋষি সনৎসুজাত মোক্ষধর্মের সার বলিয়া দিলেন ব্রহ্মের পর্য্যায় শব্দ 'সত্য'-কে জ্ঞানেরও অপর পর্য্যায় শব্দ হিসাবে উল্লেখ করিয়া ঋষি বলিলেন — সমগ্র বেদের জ্ঞাতা কেহ নাই অর্থাৎ, সমগ্র বেদ কেহ জানেন না। যদি এমন না হইত, তাহা হইলে সম্পূর্ণ বেদ জানেন এমন কেহ থাকিতেন, কিন্তু বাস্তবে তেমনটি কেহ নাই। প্রকৃতপক্ষে যিনি বলেন —'আমি বেদ জানি', তিনি আসলে যেটি জানিতে হইবে সেই 'বেদ্য' বা জ্ঞাতব্য বস্তুটিকেই জানেন না। যিনি সত্যে বা আত্মায় স্থিত আছেন, তিনিই আসলে 'বেদ্য' বা 'জ্ঞাতব্য' বস্তুকে জানেন। এক্ষেত্রেই 'সত্য বা জ্ঞান অনন্ত ব্রহ্ম' মহাবাক্যের মধ্যে জ্ঞান সাক্ষাৎ ব্রহ্ম স্বরূপ হইয়া ওঠেন।

—শ্রীশ্রীমা সর্বাণী

পঞ্চকেদারের পথে পথে

(৪)

তুঙ্গনাথ দর্শন শেষে আবার পথে নামি। গন্তব্য রুদ্রনাথ। পথ খুবই দুর্গম, উচ্চতা ১১৭০০ ফুট, এবার উৎরাই পথ। নেমে আসি চোপতাতে। গাড়ি ধরে এসে পৌঁছাই গোপেশ্বরে। গোপেশ্বরে চামোলী জেলার সদর কার্যালয়। রুদ্রনাথ আর গোপেশ্বর এই দুটিই প্রাচীন মন্দির, এই দুই মন্দিরেরই একটি ট্রাস্টি-বোর্ড আছে, তিনজন পূজারী। প্রতি দুই বছর অন্তর এক-একজনের উপর রুদ্রনাথের সেবার দায়িত্ব পড়ে। গোপেশ্বর মন্দিরের পিছনে বৈতরণী নদী। বাঁধানো রাস্তা গিয়ে মিশেছে নদীতে। রাস্তার ডানদিকে স্নানকুণ্ড, কুণ্ডের পাশে শিবমন্দির, একরাত গোপেশ্বরে কাটিয়ে বেরিয়ে পড়ি রুদ্রনাথের পথে। স্থানীয় গাড়িতে এসে পৌঁছাই সাগর গ্রামে। এখান থেকে ট্রেকিং শুরু, ১৭ কিলোমিটার পথ। দূরে পাহাড়ের মাথায় অস্পষ্ট ঝরনা। তারই পাশ দিয়ে পাহাড় চূড়া পেরিয়ে নীচে নেমে পাহাড় গুম্ফা। এক পাহাড়ী নদী পেরিয়ে চড়াই শুরু, যেমন জঙ্গল তেমন চড়াই। যতই এগিয়ে চলি পথের বন্ধুরতা যেন ততই বাড়তে থাকে। বড় বড় মহীরুহ সূর্যের আলো চুরি করে নিয়ে যায়। মাঝে মাঝে শুকনো পাতার খস্‌খস্‌ শব্দ। জানা অজানা নানা পাখির ডাক। গাছের ডালে গিরগিটির পদচারণা চলার গতি মন্থর করে। একটা ছোটো কাঠের সেতু পেরিয়ে যাই, সামনে আরও একটা কাঠের সেতু। এটা অপেক্ষাকৃত বড়। সেতুর নীচ দিয়ে দুর্বার বেগে বয়ে চলেছে পাহাড়ী নদী। ডানহাতে একটা ছোটো জলপ্রপাত। সেতু পেরিয়ে পথ আরও বন্ধুর হয়ে ওঠে। মাঝে মাঝে বিশ্রাম, আবার চলা। চড়াই পথে পা যেন আর চলতেই চায়না। দেহ অবসন্ন হয়ে আসে। পথের পাশে পাথরে হেলান দিয়ে ড্রাইফ্রুটস্‌ আর বিস্কুট দিয়ে দুপুরের খাওয়া সারি। পাহাড়ী পথে চলতে চলতে দাঁড়িয়েই বিশ্রাম নিতে হয়। বসে পড়লে আর চলা যায় না। বিকেল সাড়ে তিনটে, এসে দাঁড়াই ওয়াই (Y) পয়েন্টে। ডানহাতের রাস্তা ডুমক হয়ে গিয়েছে কল্পেশ্বর, সামনে সুবিশাল সবুজ প্রান্তর, দূরে পাহাড়ের মাথায় শুভ্র পতাকা, সবুজ প্রান্তরের বুক চিরে পথ গিয়েছে। ঘাসে ঢাকা পাহাড়, পাহাড়ের গায়ে প্রাকৃতিক সুড়ঙ্গ, সুড়ঙ্গের মুখ দূর থেকে বোঝা যায় না — ওটাই পানার গুহা। পায়ে পায়ে এসে দাঁড়াই গুহা মুখে। গুহার ভিতর থেকে ডাক আসে — ''বাইরে দাঁড়িয়ে কেন ভিতরে আয়।'' দেখি এক সুদর্শন সন্ন্যাসী। মহাত্মা সাদর সম্ভাষণে স্বাগত জানান, এগিয়ে দেন গরম চায়ের গেলাস। পাহাড়ী জড়িবুটি দিয়ে তৈরী হাল্কা সবুজ রঙের চা। চা পানের খানিক পর অনুভব করি পথ চলার কষ্ট, ক্লান্তি দূর হয়ে গিয়েছে কোন মন্ত্রবলে। আমার মনের ভাব বোধহয় বুঝতে পারেন সন্ন্যাসী। স্মিত হেসে বলেন, ''অবাক হওয়ার কিছু নেই। হিমালয়ের গাছ-গাছালির ভেষজগুণ এমনই।'' আয়তনে বেশ বড়ই গুহা — একসঙ্গে সাত-আটজন সহজেই রাত কাটাতে পারেন। মহাত্মার সান্নিধ্যে একরাত কাটিয়ে ফের পথে নামা। পানারের পর থেকে চড়াই-এর তীব্রতা বাড়ে। একটার পর একটা পাহাড়ের বুক চিরে পথ গিয়ে উঠেছে পাহাড়ের মাথায় যেখানে শুভ্র শিখর আর নীল আকাশের মিলন ঘটেছে। ডানহাতে অনেকটা নীচে একটা ছোট্ট জলাশয় - তলিতাল। বাঁহাতে সামান্য উপরে আর একটা সরুপথ - অনুসূয়া হয়ে রুদ্রনাথ। দূর থেকে কয়েকটি শুভ্র পতাকা দৃষ্টিগোচর হয়। চড়াই ভেঙে পৌঁছতে হয় নিশানের পদপ্রান্তে। ১৩৬০০ ফুট। এপথের সর্বোচ্চ পাহাড় 'পিতৃধার'। একটির পর একটি পাথর সাজিয়ে মন্দিরের বিকল্প। প্রতিটির মাথায় শুভ্র পতাকা। পিতৃধার থেকে রুদ্রনাথ চার কিলোমিটার, লম্বা ঘাসে ঢাকা সমতল পথ। পাহাড়ের বাঁক ঘুরেই দূরে গুহা মন্দির। ছোট পাহাড়ী ঝোরা পেরিয়ে মন্দির প্রাঙ্গণ, বাঁ পাশে প্রস্তর নির্মিত নারদ মূর্তি। তার নীচেই সানবাঁধানো জলাধার। এটি নারদ কুণ্ড নামে পরিচিত। জলাধার পেরিয়ে যাত্রী নিবাস। পাশেই বনদেবীর মন্দির। মন্দিরের পিছনের গায়ে শিবলিঙ্গ ও ঝরনা। ওই ঝারনার জলেই রুদ্রনাথের স্নান ও পুজো হয়। আরও কয়েক পা এগিয়ে পাথরে বাঁধানো উঠোন, তার শেষ প্রান্তে দেবতার গুহামন্দির, শেষ বিকেলের নরম আলো এসে পড়েছে গুহা মন্দিরের গায়ে। পশ্চিমে দিনান্তের ক্লান্ত রবির বিদায়ের অনাড়ম্বর আয়োজন। চারপাশে সারিবদ্ধ দণ্ডায়মান



গোপীনাথ মন্দির, গোপেশ্বর

অসংখ্য পর্বতমালা প্রত্যেকের শুভ্র শিখরে গৈরিক উষ্ণীষ। হিমালয়ের জ্যোতির্ময় রূপ, ব্রহ্মময় সত্তা, চৈতন্যময় প্রকাশে বাক্‌রহিত হয়ে যায়। নন্দাদেবী, ত্রিশূল, দ্রোণগিরি, নীলকণ্ঠ হাতছানি দেয়। পশ্চিমে চৌখাম্বা চোখের ইশারায় তাকে না ভোলার আকুতি জানায়। পূজারীর মুখে শুনি রুদ্রনাথের কাহিনী — কুরুক্ষেত্র যুদ্ধে আত্মীয় বন্ধুদের নিধনে পাণ্ডবগণ পাপাসক্ত হন। পাপ থেকে মুক্তি পেতে তাঁরা মহাদেবের দর্শনে যান। দর্শনদানে অনিচ্ছুক মহাদেব হিমালয়ের দুর্গম স্থানে আত্মগোপন করেন। মহাদেবের দর্শন না পেয়ে বিষন্ন চিত্তে পাণ্ডবেরা হিমালয়ের নানা অঞ্চলে পরিভ্রমণ করেন। দৈবক্রমে মহর্ষি নারদের সাথে তাঁদের দেখা হয়। মহাদেবের অবস্থানের কথা নারদ জানতেন। পাণ্ডবদের মনের অবস্থা তিনি অনুধাবন করে ওই দুর্গম স্থানে তিনি পাণ্ডবদের নিয়ে যান। রুদ্রনাথের মন্দিরের থেকে কিছুটা আগে তিনি পাণ্ডবদের কিছু পরামর্শ দেন। মহাযোগী মহাদেব সেই আলোচনার বিষয়বস্তু জানতে পেরে ঘাড় কাত করে তাদের লক্ষ্য করেন। মহাদেবের দৃষ্টিতে নারদ সেই মুহূর্তে প্রস্তরে রূপান্তরিত হন। ওই স্থানে একটি জলাশয়েরও সৃষ্টি হয়। এটিই নারদকুণ্ড। মহাদেব নিজেও প্রস্তররূপ ধারণ করেন। স্থানীয় বিশ্বাস নারদকুণ্ডের পবিত্র জলের স্পর্শে বা কুণ্ডে স্নান করলে সকল পাপের অবসান ঘটে।

রুদ্রনাথ গুহা মন্দিরের সুপ্রশস্থ অসমান মেঝে, বিশাল আয়তন, মাথা থেকে সামান্য উপরে ছাদ। গর্ভমন্দিরে রুদ্রমূর্তি, কয়েকটি শিবলিঙ্গ, প্রস্তর নির্মিত রুদ্রমূর্তি স্বর্ণালঙ্কারে সুশোভিত, প্রকৃতির নিজের হাতে সৃষ্ট, মহাযোগী মহেশ্বরের সাধনপীঠ।

রাতের রুদ্রনাথ — জ্যোস্নাপ্লাবিত বসুন্ধরা, হীরকখচিত গিরিশিখর, নির্মল আকাশের নীচে শুভ্রবসন পরিহিত প্রকৃতির বুকে চন্দ্রমার প্রতিফলন দেখে অবাক হই। রুদ্রনাথে না এলে হিমালয়দর্শন সম্পূর্ণ হয় না।

দিনের আলো ফোটে। পূজারী ঘন্টা বাজিয়ে মন্দিরের দরজা খোলেন। বৈদিক মন্ত্রোচ্চারণে দেবতার ঘুম ভাঙে। প্রভাতী অর্চনার প্রারম্ভে দেবতার রাজবেশ হয়। অনাড়ম্বর আয়োজন। রুদ্রনাথের আশীর্বাদ মাথায় নিয়ে ফেরার পথে পা বাড়াই। পানারে এসে মহাত্মার হাতে 'মাখন' প্রসাদ খেয়ে যাত্রা শুরু। গন্তব্য পঞ্চকেদারের শেষ ধাপ - কল্পেশ্বর।

শান্ত সমাহিত নির্জন কন্দরে কল্পগঙ্গার তীরে মহাযোগী মহেশ্বরের সাধনপীঠ। মহাদেবের জটা প্রকাশিত পঞ্চম কেদার কল্পেশ্বর গুহামন্দিরের অবস্থান সাড়ে সাত হাজার ফুট। হেলাং থেকে ৯ কিলোমিটার ট্রেক। পথ ভালোই। সামান্য চড়াই উৎরাই। পঞ্চম কেদার পরিক্রমায় কেদারনাথ, মদমহেশ্বর, তুঙ্গনাথ ও রুদ্রনাথ হয়ে গোপেশ্বরে বিশ্রাম, সেখান থেকে ভোরের প্রথম বাসে চামোলী, পিপুলকোঠি হয়ে হেলাং, সেখান থেকে পায়ে চলা পথের শুরু। পিচরাস্তা ধরে কিছুটা উজান হেঁটে ডানহাতে উৎরাই পথে অলকানন্দা। অলকানন্দার বুকে লোহার ঝোলাপুল, সেতুর শেষপ্রান্তে এসে অলকানন্দাকে বিদায়। পাহাড়ের গা ঘেঁষে পথ, ডান হাতে অনেক নীচে অলকানন্দা, তার উন্নত ঢেউ তোলা ফেনিল জলরাশি দৃষ্টিগোচর হলেও গর্জন শ্রুতিগোচর হয় না। সামান্য এগিয়ে কল্পগঙ্গা এসে মিশেছে অলকানন্দার সঙ্গে। এখন কল্পগঙ্গাকে সঙ্গে নিয়ে পথচলা। পাহাড়ের কোলে কোলে পথ। মাঝে মাঝে ঝুলন্ত পাহাড় আচ্ছাদন সৃষ্টি করে। হেলাং থেকে চার কিলোমিটার গিয়ে সালনা গ্রাম। সালনা গ্রাম ছাড়িয়ে কয়েক-পা এগিয়ে যেতেই চোখে পড়ে পি.ডব্লু.ডি-র বোর্ড -'উর্গম ২০২০ মিটার' উর্গম পেরিয়ে দেবগ্রাম। সবুজের বুক চিরে পথ। দূরে দূরে দুই একটি কাঠের বাড়ি। সামনে গিরিরাজের আঙিনা। দেবতার নাম অনুসারে নাম দেবদেখনি। সামনে সুউচ্চ পর্বতমালা। ডানদিকের কোণে পাহাড়ের মাথায় জলপ্রপাত, বাঁ হাতে পাহাড়ের গা বেয়ে জঙ্গলের ফাঁকে ফাঁকে ডুমকের রাস্তা। পায়ের নীচে সবুজ কার্পেট। দৃষ্টির আড়ালে কল্পগঙ্গার মৃদু গুঞ্জন। পড়ন্ত রবি-রশ্মির স্নিগ্ধ পরশ। পূর্বাকাশে মাখনের টিপ পরা কুমারী চন্দ্রমা। কল্পগঙ্গার বুকে দোদুল্যমান লোহার ঝোলা পুল। পরপারে পাহাড়ের মাথায় সাদা নিশান। মন্দিরের তোরণ দেখা যায়। সেতুর নীচে বেগবতী গঙ্গা। পঞ্চকেদার পরিক্রমার সার্থক রূপায়ণ। হঠাৎই একটা বিশেষ শব্দ। চমকে সামনে তাকাই। কল্পেশ্বর সেতু যেখানে শেষ ঠিক সেইখানে বিশাল এক সাপ। নিজের চোখকেই বিশ্বাস করতে পারি না। কি দেখছি সামনে! এই তো সেই শ্বেত-শঙ্খচূড়। এরই সন্ধানে ঘুরেছি কত! কেদারনাথের পথে, হেমকুণ্ডের রাস্তায় ব্রহ্মকমলের বনে। শেষ পর্যন্ত তার দেখা মিলল কল্পেশ্বরে এসে। সকল বিশ্বাস অবিশ্বাসের উপরে অধ্যাত্ম চেতনার দীপ শিখায় আমি শিহরিত। এযেন প্রেমময় ভগবানের স্বাগত জানানোর নিদর্শন। সর্প রূপে তিনি দর্শন দেন। মুহূর্তে সৌম্যরূপ ধারণ করেন। ফণা নামিয়ে নেমে যান ঝোলা পুলের নীচে। ছোট্ট পতাকা শোভিত তোরণ পেরিয়ে দেবতার আঙিনা, ডানহাতে নাগেশ্বর মহাদেব, বামহাতে বিশ্রামগৃহ, সামান্য এগিয়ে গুহামন্দির। কল্পেশ্বরের নির্মল প্রাকৃতিক

পরিবেশের তুলনা নেই। প্রকৃতির নিভৃত আঙিনায় পাহাড়ের পাদমূলে অপরিসর গুহায় গিরিরাজের শুদ্ধ আসন। বিগ্রহ জটাজুট শিলামূর্তি।

পরদিন ভোরে ঘুম ভাঙে। পঞ্চকেদার পরিক্রমার বিষাদময় লগ্ন বড়ই বেদনাময়। ফেরার পথে পা বাড়াই।

—মাতৃচরণাশ্রিত শ্রীসৌরভ বসু

—সমাপ্ত—

আশ্রম সংবাদ

২৯শে সেপ্টেম্বর থেকে ৪ঠা অক্টোবর — আশ্রমের ২৮তম নবরাত্রি ব্যাপী দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। পঞ্চমীর দিন সকালে শ্রীশ্রীমা প্রায় পাঁচশআশিরও অধিক গ্রামবাসীকে বস্ত্রবিতরণ করেন। সন্ধ্যায় পণ্ডিত শ্রীগিরিধারী নায়েকের 'ওড়িসি আশ্রমের' শিক্ষার্থীদের দ্বারা এক মনোগ্রাহী নৃত্যানুষ্ঠান পরিবেশিত হয়। হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটিও প্রকাশিত হয় এইদিন সন্ধ্যায়। সপ্তমীর দিন সন্ধ্যায় শ্রুতিমধুর সঙ্গীত পরিবেশন করেন শ্রীশ্রীমা ও গুরুভ্রাতা ও ভগিনীগণ। তারপর নৃত্য প্রদর্শন করেন শিশু শিল্পীরা। মহাষ্টমী তিথিতে শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ীবাবার তিরোধান তিথি উপলক্ষ্যে ভাণ্ডারার আয়োজন করা হয়। নবমী তিথিতে দ্বিপ্রহরে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাপ্রসাদ বিরতণ করা হয়। পূজার বিভিন্ন দিনে আশ্রমে আসেন রামকৃষ্ণমিশন থেকে স্বামী পূর্ণব্রহ্মানন্দজী ও স্বামী ভেদাতীতানন্দজী, ভারতসেবাশ্রম থেকে স্বামী একাত্মানন্দজী এবং পরমহংস যোগানন্দের ধারায় স্বামী চেতনানন্দজী।

১লা অক্টোবর - ১৯শে অক্টোবর — পুষ্করের শ্রীশ্রীটাটবাবা অখণ্ড মহাপীঠ আশ্রমে অতিবাহিত করেন।

১৩ই অক্টোবর — শ্রীশ্রীকোজাগরী পূর্ণিমার রাত্রে শ্রীযজ্ঞনারায়ণ-দার পৌরহিত্যে অত্যন্ত সুষ্ঠভাবে সম্পন্ন হয় শ্রীশ্রীলক্ষ্মী-জনার্দ্দনজীউর আরাধনা ও যজ্ঞ।

২০শে অক্টোবর — এইদিন সকালে শ্রীশ্রীমা বস্ত্রাদি বিতরণ করেন অগণিত দুঃস্থ ও দরিদ্র গ্রামবাসীর মধ্যে।

২৭শে অক্টোবর — অমানিশার মধ্যরাত্রে শ্রীশ্রীমা নিজে আশ্রমে প্রতিষ্ঠিত দেবী তারাকালিকার পূজা করেন।

৫ই নভেম্বর — এইদিন জগদ্ধাত্রী পূজা উপলক্ষ্যে শ্রীশ্রীঅন্নপূর্ণা মন্দিরে ভোগ নিবেদিত হয়।

১০ই নভেম্বর — অখণ্ড মহাপীঠ আশ্রমের বার্ষিক সাধারণ সভা আয়োজিত হয়।

১২ই নভেম্বর — রাসপূর্ণিমার দিন শ্রীশ্রীরাধামাধবের ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ হয় দ্বিপ্রহরে। সন্ধ্যায় অপূর্ব ভজন পরিবেশন করেন স্বয়ং শ্রীশ্রীমা।

১৪-১৫ই নভেম্বর — শ্রীশ্রীমা কিছু ভক্তসহ রাজস্থানের রামদেওরায় শ্রীশ্রীরামদেওরা বাবার মন্দির দর্শনে গিয়েছিলেন।

১লা ডিসেম্বর — এইদিন শ্রীশ্রীমা শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেন বহু দুস্থ গ্রামবাসীর মধ্যে।

৪ঠা - ৫ই ডিসেম্বর — ৪ঠা ডিসেম্বর অষ্টমী তিথির প্রভাতে ভক্তনিবাস ও অন্নপূর্ণাক্ষেত্র প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে

পূজা ও প্রসাদ বিতরণ করা হয়। এইদিন শ্রীশ্রীমা নিজহস্তে শিশুদের প্রসাদ পরিবেশন করেন। সন্ধ্যায় এক সুন্দর ভক্তিগীতির অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী লাবণী লাহিড়ী। ৫ই ডিসেম্বর সকালে লক্ষ্মীজনার্দ্দনজীউদেবের পূজার্চ্চনা ও প্রসাদ বিতরিত হয়।

৮-১৮ই ডিসেম্বর — এইকয়দিন শ্রীশ্রীমা বারাণসী আশ্রম পরিদর্শনে যান। এই সময়ে শ্রীশ্রীমা অন্যান্য মহাত্মাদের আশ্রমেও গিয়েছিলেন - গাজীপুরে পাওহারী বাবার আশ্রমে ও দেওরাহা বাবার আশ্রমে শ্রীশ্রীহংসবাবা ও শ্রীনারায়ণদাস বাবার সঙ্গে সাক্ষাৎ করেন। ফেরবার পথে বুদ্ধগয়াতে যান।

২৫শে ডিসেম্বর — এইদিন সন্ধ্যায় আধ্যাত্মিক সভার ৩৩ তম পর্বে প্রশ্নোপনিষদ্ প্রসঙ্গে বক্তব্য রাখলেন শ্রীশ্রীমায়ের সন্তান ডাঃ বরুণ দত্ত।

২৯শে ডিসেম্বর — এইদিন সকালে সৎসঙ্গে শ্রীশ্রীমা স্বয়ং ক্রিয়াযোগের উপর প্রবচন দেন।

৩০শে ডিসেম্বর-২রা জানুয়ারী — এইকয়দিন শ্রীশ্রীমা কিছু ভক্ত সঙ্গে দেওঘর তীর্থ পরিভ্রমণে যান।

৫ই জানুয়ারী — হোটর আশ্রমের শিক্ষার্থীরা এইদিন সন্ধ্যায় একটি মনোগ্রাহী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

भगवान परशुराम

श्रीश्रीमाँ सर्वाणी

गर्ग संहिता में भगवान विष्णु के छः अवतार कल्पित हुए हैं; उनमें से प्रथम मरीचि प्रभृति ऋषिगण वे हैं भगवान के अंशांशावतार, ब्रह्मादि देवगण अंशावतार; कपिल, कूर्म्म आदि कलावतार एवं परशुराम आवेशावतार। नृसिंह, दाशरथि राम, नरनारायण ये हैं पूर्णावतार और श्रीकृष्ण स्वयं परिपूर्णतमावतार। अवतार जैसे भी क्यों न हो समस्त अवतारों के मध्य ही श्रीभगवान की पूर्ण शक्ति का परिपूर्ण प्रकाश रहता है। योगमार्ग में भगवत्-स्वरूप के पथ पर ब्रह्मर्षि महर्षि ऋषि भगवत् निर्देश द्वारा अवतार ग्रहण कर धरातल पर अवतीर्ण हुए हैं, आत्मज्ञानी सत्यद्रष्टा महात्मा इनसे अवश्य ही अवगत रहते हैं। भगवान परशुराम इन समस्त अवतारों के मध्य एक विशेष अवतार चरित्र थे।

भगवान परशुराम

